সামবেদ-সংহিতা।

পবমানাদি পর্ব্ব।

(১১১)

পূজনীয়-শ্রীযুক্ত-দুর্গাদাস-লাহিড়ী-শর্ম্মণা

ব্যাখ্যাতা সম্পাদিতা চ।

হাওড়া-সহরস্থে
"পৃথিবীর-ইতিহাস"-মুদ্রা-যন্ত্রে
শ্রীধীরেন্দ্রনাথ-লাহিড়ী-শর্ম্মণা
মুদ্রিতা প্রকাশিতা চ।

ওঁ

সামবেদ-সংহিতা।

উত্তরার্চ্চিকে একবিংশোঽধ্যায়ঃ।

যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থ-মহেশ্বরং॥

প্রথমঃ খণ্ডঃ।

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। প্রথমং সূক্তং। প্রথমং সাম)।

৩ ১র ২র ৩ ২উ ৩ ১
আশুঃ শিশানো বৃষভো ন ভীমো
২ ৩ ১র ২র ৩ ২
ঘনাঘনঃ ক্ষোভণশ্চর্ষণীনাম্।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
সঙ্ক্রন্দনোঽনিমিষ একবীরঃ
৩ ১র ২র ৩ ১র ২র
শতং সেনা অজয়ৎ সাকমিন্দ্রঃ॥ ১॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'আশুঃ' (আশুমুক্তিদায়কঃ) 'বৃষভঃ' (অভীষ্টবর্ষকঃ) 'ভীমঃ ন শিশানঃ' (মৃত্যুজনকঃ ভয়ঙ্করঃ) ঘনাঘনঃ' (শত্রুনাশকঃ ইত্যর্থঃ) 'চর্ষণীনাং' (আত্মোৎকর্ষসাধকানাং)

'ক্ষোভণঃ' (ক্ষোভয়িতৃণাং, রিপূণাং ইত্যর্থঃ) 'সংক্রন্দনঃ' (ক্রন্দয়িতা, বিনাশয়িতা ইত্যর্থঃ) 'অনিমিষঃ' (নিমেষরহিতঃ, অনলসঃ, চিরজাগর্কঃ—চৈতন্যময়ঃ) 'একবীরঃ' (অদ্বিতীয়ঃ বীরঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'শতং সেনাঃ' (অসংখ্যসেনাঃ, সর্বান্ রিপূন ইতি ভাবঃ) 'সাকং' (সহ, একেনৈব উদ্যোগেন, অপ্রতিহতপ্রভাবেন ইত্যর্থঃ) 'অজয়ৎ (জয়তে, বিনাশয়তি ইত্যর্থঃ)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ সাধকানাং রিপূন্ বিনাশয়তি—ইতি ভাবঃ ॥ (২১অ-১খ-১সূ—১সা) ॥

* . *

বঙ্গানুবাদ।

আশুমুক্তিদায়ক, অভীষ্টবর্ষক, মৃত্যুজনক ভয়ঙ্কর, শত্রুনাশক, আত্মোৎকর্ষসাধকদিগের রিপুগণের বিনাশক, চিরজাগরূক অর্থাৎ চৈতন্যময়, অদ্বিতীয় বীর, ভগবান্ ইন্দ্রদেব সমস্ত রিপুকে অপ্রতিহতপ্রভাবে বিনাশ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব এই যে,—ভগবান্ সাধকদিগের রিপুসমূহকে বিনাশ করেন।)। (২১অ—১খ—১সূ—১সা) ॥

* . *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথোঽপ্রতিরথঋষিঃ, ত্রিষ্টুপ ছন্দঃ, ইন্দ্রো দেবতা সাগ্নিচিত্যে ক্রতৌ অগ্নৌ প্রণীয়মানেঽয়মপ্যাধ্যো ব্রাহ্মণেন জাপ্যঃ। অয়মিন্দ্রঃ 'আশুঃ' শীঘ্রকারী ব্যাপকো বা 'শিশানঃ' নিশিতঃ শত্রূণাং ভয়জনক ইত্যর্থঃ। ক ইব? 'বৃষভো ন ভীম'। 'বিভেত্যস্মাদিতি ভীমঃ তাদৃশঃ'। ভীমঃ বৃষভো যথা স যথা তীক্ষ্ণাভ্যাং শৃঙ্গাভ্যাং ভীমো ভবতি তদ্বৎ। অথবা শিশানস্তীক্ষ্ণমিতি ব্যত্যয়েনাত্মনেপদং। 'ঘনাঘনঃ' ঘাতকঃ শত্রূণাং হন্তা। পচাদ্যচি হন্তের্ঘত্বঞ্চেতি দ্বির্বচনং অভ্যাসস্যাডাগমঃ ঘত্বঞ্চ ধাতভ্যাসয়োঃ। 'চর্ষণীনাং' চর্ষণয়ো মনুষ্যাঃ মনুষ্যাণাং দ্বেষ্যাণাং 'ক্ষোভণঃ' ক্ষোভয়িতা, 'সংক্রন্দনঃ' সম্যক্ ক্রন্দয়িতা প্রাণিনাং আকর্ষণেন প্রহারেণ বা, 'অনিমিষঃ' চক্ষুর্নিমেষরহিতঃ সর্বদা যত্নমানঃ স্বকার্যেঽনলস ইত্যর্থঃ, 'একবীরঃ'। বীরয়ত্যমিত্রান্ ইতি বীরঃ, একশ্চাসৌ বীরশ্চ ; অথবা। এক এব বিক্রান্তঃ অসহায়েন কার্যাক্ষম ইত্যর্থঃ। ঈদৃশোঽয়মিন্দ্রঃ 'শতং সেনাঃ' 'সাকং' সহ একোদ্যোগেনৈব 'অজয়ৎ' জয়তি। (২১অ—১খ—১সূ ১সা)।

* . *

প্রথম (১৮৪৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী নিত্যসত্যমূলক। মন্ত্রে ভগবানের মাহাত্ম্য পরিকীর্তিত হইয়াছে। এই মাহাত্ম্য বর্ণনার মূল ভাব এই যে,—ভগবান্ সাধকগণের রিপু নাশ করে।

তিনি 'আশুঃ'—আশুমুক্তিদায়ক। ভগবান্ তাঁহার সন্তানকে সর্ববিধ বিপদ হইতে উদ্ধার

করেন। পিতা কি কখনও তাঁহার সন্তানের অমঙ্গল, দুঃখকষ্ট দেখিতে পারেন? তাই তাঁহার সন্তানকে বিপদ হইতে যত শীঘ্র সম্ভব রক্ষা করিবার জন্য তিনি ব্যগ্র থাকেন। তাই তাঁহাকে আশুমুক্তিদায়ক বলা হইয়াছে।

তিনি সাধকের পক্ষে যেমন পিতৃস্বরূপ, পাপের—রিপুর পক্ষে তেমনি যমস্বরূপ। তাই বলা হইয়াছে 'ভীমঃ বৃষভঃ ন শিশানঃ' মৃত্যুজনক ভয়ঙ্কর, অর্থাৎ তিনি পাপকে সমূলে বিনাশ করেন। 'ঘনাঘনঃ' পদে এই এক ভাবই বিবৃত হইয়াছে।

'চর্ষণীনাং ক্ষোভণঃ সংক্রন্দনঃ' পদত্রয়ের অর্থ এই যে, আত্মোৎকর্ষসাধকদিগের ক্ষোভ যাহারা উৎপন্ন করে, অর্থাৎ যাহারা সাধকদিগের অনিষ্ট করে তাঁহাদের অমঙ্গলসাধন চেষ্টা করে, সেই রিপুগণকে তিনি বিনাশ করেন। 'সংক্রন্দনঃ' পদের সাধারণ অর্থ—কাঁদান। ভীষণ দুঃখ-কষ্টে পড়িলেই মানুষ কাঁদে। এখানে এই 'সংক্রন্দনঃ' পদের দ্বারা সেই দুঃখের অবস্থাই বিবৃত হইয়াছে। রিপুগণ ভীষণ দুঃখ অনুভব করে, তাহারা বিধ্বস্ত হয়,—ইহাই মন্ত্রের মূল উদ্দেশ্য।

'একবীরঃ' পদের অর্থ, অদ্বিতীয়, অপ্রতিহতপ্রভাব বীর—যাঁহার শক্তির নিকট সকলেই মস্তক অবনত করে। একমাত্র ভগবান্ ব্যতীত আর কাহার সম্বন্ধে এই বিশেষণ প্রযুক্ত হইতে পারে? তিনি একমেবাদ্বিতীয়ং।

তিনি বীর। কিন্তু তাঁহার বীরত্বের পরিচয় কোথায়? তাহার উত্তরে বলা হইতেছে,—"সাকং শতং সেনাঃ অজয়ৎ" অর্থাৎ এক উদ্যোগেই তিনি শতসংখ্যক শত্রুসেনাকে জয় করিতে পারেন। বলা বাহুল্য, এই 'শতং' পদে কোনও নির্দ্দিষ্ট সংখ্যা বুঝাইতেছে না। সর্ব্ববিধ শত্রুকে বুঝাইতেছে। 'সাকং' পদের বিশেষ ভাব এই যে, যখনই তিনি ইচ্ছা করেন, তখনই শত্রুজয় করিতে সমর্থ হয়েন। কোনও শক্তিই তাঁহাকে বাধা দিতে পারে না। সমগ্র মন্ত্রে ভগবানের অপার অপ্রতিহত শক্তি এবং মানবের প্রতি তাঁহার করুণার বিষয়ই প্রখ্যাপিত হইয়াছে।

মন্ত্রের দুইটী প্রচলিত ব্যাখ্যাও এই সঙ্গে প্রদত্ত হইল—"ইন্দ্র সর্ব্বব্যাপী শত্রুদিগের পক্ষে তীক্ষ্ণ, বৃষের ন্যায় ভয়ঙ্কর, শত্রুঘাতকারী, মনুষ্যদিগকে বিচলিত করেন, মনুষ্যেরা ত্রস্ত হয়। শত্রুদিগকে রোদন করান, সর্ব্বদা সকলদিক দৃষ্টি করেন, সমবেত বিস্তার সৈন্য তিনি একাকী জয় করেন।"

অন্য একটী হিন্দী ব্যাখ্যা এই,—"শীঘ্রতা করনেওয়ালা সা ব্যাপক আউর, ভয়ানক বৃষভকী সমান শত্রুওঁকো ভয় দেনেওয়ালা, প্রাণিয়োঁকা নাশক আউর মনুষ্যোঁকো ক্ষোভিত করনেওয়ালা আউর অপনে যত্নসে জাগনেমে তথা যুদ্ধাদিমে আলস্য-রহিত অদ্বিতীয় বীর ইন্দ্র সৈকড়োঁ সেনাওঁকা একহী উদ্যোগসে জীত লেতা হ্যায়।" (২অ—১খ—১সূ ১সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের প্রথমা ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। প্রথমং সূক্তং। দ্বিতীয়ং সাম)।

৩ ১ ২ ৩ ১২ ৩ ১ ২
সংক্রন্দনেনানিমিষেণ জিষ্ণুনা

৩ ১২ ৩ ১২ ৩ ১ ২
যুৎকারেণ দুশ্চ্যবনেন ধৃষ্ণুনা।

১ ২র ৩ ১ ২ ৩
তদিন্দ্রেণ জয়ত তৎসহধ্বং

১ ২ ৩ ১২ ৩ ১২
যুধো নর ইষুহস্তেন বৃষ্ণা॥ ২॥

* * *

মন্ত্রার্থানুসারিণী-ব্যাখ্যা।

'যুধঃ' (যোদ্ধারঃ, রিপুভিঃ সহ ইতি যাবৎ) 'নরঃ' (নেতারঃ, হে সৎকর্ম্মনেতারঃ মম চিত্তবৃত্তয়ঃ!) যূয়ং 'সংক্রন্দনেন' (শত্রুবিনাশকেন) 'অনিমিষেণ' (চিরসতর্কেণ, চৈতন্যময়েন ইত্যর্থঃ) 'জিষ্ণুনা' (জয়শীলেন, রিপুজয়িনা) 'যুৎকারেণ' (যুদ্ধকারিণা) 'দুশ্চ্যবনেন' (অন্যৈঃ অবিচালনীয়েন) 'ধৃষ্ণুনা' (ধর্ষকেণ, রিপুনাশকেন) 'ইষুহস্তেন' (বাণহস্তেন, রক্ষাস্ত্রধারিণা) 'বৃষ্ণা' (অভীষ্টবর্ষকেণ) 'ইন্দ্রেণ' (ভগবতা ইন্দ্রদেবেন, তৎসহায়েন, তৎকৃপয়া বা ইত্যর্থঃ) 'তৎ জয়ত' (রিপুসংগ্রামং জয়ত) 'তৎ সহধ্বম্' (তৎ প্রসিদ্ধং দুর্দ্ধর্ষং কৃপয়া রিপুজয়িনঃ ভবেম - আত্মোদ্বোধকঃ তথা প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং ভগবৎ-রিপুং বিনাশয়ত ইত্যর্থঃ) ইতি ভাবঃ॥ (২১অ-১খ ১সূ-২সা)।

* * *

বঙ্গানুবাদ।

রিপুগণের সহিত যুদ্ধকারী বহু-সৎকর্ম্মনেতা হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা শত্রুবিনাশক চিরসতর্ক অর্থাৎ চৈতন্যময় রিপুজয়ী যুদ্ধকারী অন্য কর্তৃক অবিচালিত রিপুনাশক রক্ষাস্ত্রধারী অভীষ্টবর্ষক ভগবান্ ইন্দ্রদেবের দ্বারা অর্থাৎ তাঁহার সহায়ে (অথবা তাঁহার কৃপায়) রিপুসংগ্রাম জয় কর, সেই প্রসিদ্ধ দুর্দ্ধর্ষ রিপুকে বিনাশ কর। (মন্ত্রটী আত্মোদ্বোধক এবং প্রার্থনামূলক। ভাব এই যে,—আমরা যেন ভগবৎকৃপায় রিপুজয়ী হইতে পারি)॥ (২১অ—১খ—১সূ—২সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ, ত্রিষ্টুপ্ ইন্দ্রঃ। অশ্বমেধে উক্তবিধঃ. তথাপাস্মাকং কিমস্তি চেৎ তত্রাহ—'সংক্রন্দনেন' 'অনিমিষেণ' চোক্তলক্ষণেন, 'জিষ্ণুনা' জয়শীলেন, 'যুৎকারেণ'। 'যোধনং যুৎ'। যুদ্ধকারিণা। কর্ম্মণ্যণ্ (৩।২।১)। 'দুশ্চ্যবনেন' অন্যৈরবিচাল্যেন। চ্যুঙ্, প্রুঙ্ গতৌ (ভ্বা০ আ০)। ছন্দসি গত্যর্থেভ্যঃ (৩।৩।১২৯) ইতি খুচ্। 'ধৃষ্ণুনা' ধর্ষকেণ। ঈদৃশেন 'ইন্দ্রেণ' 'তৎ' যুদ্ধং 'জয়ত'; 'তৎ' শত্রুগণং 'সহধ্বং' অভিভবত। হে 'যুধঃ' যোদ্ধারঃ! হে 'নরঃ' নেতারঃ। সামান্যবচনং বিভাষিতং বিশেষবচনে বহুবচনং (৮।১।৭৪) ইতি পূর্ব্বস্যাবিদ্যমানবত্ত্বাভাবেনাষ্টমিকং নিহন্যতে। পুনঃ কীদৃশেনেন্দ্রেণ? 'ইষুহস্তেন' 'বৃষ্ণা' বর্ষকর্ত্রা চ। (২১অ—১খ—১সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (১৮৪৭) সামের মন্ত্রার্থ।

প্রথমে আমরা মন্ত্রের একটী প্রচলিত ব্যাখ্যা উদ্ধৃত করিতেছি। তাহা এই, "হে যুদ্ধকারী মনুষ্যগণ! ইন্দ্রকে সহায় পাইয়া জয়ী হও, বিপক্ষ পরাভব কর। তিনি শত্রুকে রোদন করান, সর্ব্বদা সকল দিক দেখেন, যুদ্ধ করিয়া জয়ী হয়েন। তাঁহাকে কেহ স্থান-ভ্রষ্ট করিতে পারে না, তিনি দুর্দ্ধর্ষ, তাঁহার হস্তে বাণ আছে, তিনি বারিবর্ষণ করেন।"

ভাষ্যকারও মন্ত্রের প্রায় এই ভাবই গ্রহণ করিয়াছেন। হিন্দী অনুবাদটী নিম্নে প্রদত্ত হইল,—"হে যোদ্ধা মনুষ্যোঁ! দেবঘোষিয়োঁকো রুলানেওয়ালে আউর নিরালস জয়শীল আউর যুদ্ধকরনেওয়ালে দূসরোসে বিচালিত ন হোনেওয়ালে শত্রুওঁকো তর্জ্জনা দেনেওয়ালে হাথমে বাণ লিয়ে আউর বর্ষা করনেওয়ালে ইন্দ্রকে দ্বারা উস যুদ্ধকো জীতো উস্ শত্রুওঁকে বলকা তিরস্কার করো।"

মূলতঃ মন্ত্রের প্রধান ভাব এই যে,—ভগবানের সাহায্যে ভগবানের কৃপায় আমরা যেন রিপুজয় করিতে পারি। মানুষ রিপুজয় করিতে সমর্থ হয় সত্য; কিন্তু তাহা ভগবানের কৃপায়। মানুষের নিজের এমন কোনও শক্তি নাই, যাহার দ্বারা সে আপনার চারিদিকে রিপুকুলকে বিনষ্ট করিতে পারে। শুধু ভগবানের কৃপা দ্বারাই তাহা সম্ভবপর হয়। মন্ত্রে সেই কৃপা অথবা ভগবৎসাহায্যের কথাই আলোচিত হইয়াছে।

তিনি রিপুগণের ক্রন্দনের হেতু, তাঁহার দর্শনে রিপুগণ পরাজিত বিধ্বস্ত হয়। সুতরাং এরূপ শক্তিশালী পুরুষের সাহায্য গ্রহণ করাই সঙ্গত। তাঁহার দ্বারাই আমাদের অভীষ্ট সিদ্ধ হইতে পারে। আপিচ, তিনি আমাদিগকে সর্ব্বদাই সাহায্য প্রদানের জন্য উন্মুখ হইয়া আছেন। সুতরাং তাঁহার কৃপাতেই আমাদের অভীষ্ট যেন সিদ্ধ করিতে পারি ইহাই মন্ত্রের ভাবার্থ। (২১অ—২খ—১সূ—২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের দ্বিতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। প্রথমং সূক্তং। তৃতীয়ং সাম।)

১র ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩
স ইষুহস্তৈঃ স নিষঙ্গিভির্বশী সং স্রষ্টা

২উ ৩ ১ ২ ৩ ১ ২
স যুধ ইন্দ্রো গণেন।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ১ ২ ৩
সংসৃষ্টজিৎ সোমপা বাহুশর্দ্ধ্যুগ্রধন্বা

১ ২ ৩ ১ ২
প্রতিহিতাভিরস্তা ॥ ৩ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সঃ' (প্রসিদ্ধঃ—অশেষমহিমান্বিতঃ সঃ দেবঃ) 'ইষুহস্তৈঃ' (শত্রুনাশকেন আয়ুধধারণেন, রক্ষাস্ত্রেণ ইত্যর্থঃ) 'বশী' (সর্ব্বং বশীভূতং করোতি ইতি ভাবঃ); 'সঃ' (সঃ দেবঃ) 'নিষঙ্গিভিঃ' (নিষঙ্গৈঃ, তূণীরৈঃ, বীরৈঃ, আত্মশক্ত্যা ইতি ভাবঃ) বিশ্বং বশীকরোতি ইতি শেষঃ); 'যুধঃ' (যোদ্ধা) 'সঃ ইন্দ্রঃ' (প্রসিদ্ধঃ সঃ ভগবান ইন্দ্রদেবঃ) 'গণেন' (স্বগণেন, স্বভক্তৈঃ সহ ইত্যর্থঃ, বিভূতিভিঃ সহ ইতি ভাবঃ) 'সংস্রষ্টা' (সম্মিলিতঃ ভবতি); 'সংসৃষ্টজিৎ' (ভক্তেন সহ মিলিতঃ ইত্যর্থঃ) 'সোমপা' (শুদ্ধসত্ত্বগ্রহীতা ইত্যর্থঃ) 'বাহুশর্দ্ধী' (বাহুবলযুক্তঃ, পরমশক্তিসম্পন্নঃ) 'উগ্রধন্বা' (উগ্রধন্বা, রক্ষাস্ত্রধারী, অমিততেজস্কঃ সঃ দেবঃ ইত্যর্থঃ) 'প্রতিহিতাভিঃ' (প্রেরিতাভিঃ ইষুভিঃ, শত্রুনাশকৈঃ অস্ত্রৈঃ ইত্যর্থঃ) 'অস্তা' (রিপূন নাশয়তি)। নিত্যসত্যমূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান সাধকৈঃ সহ মিলিতঃ ভবতি, তেষাং রিপূন বিনাশয়তি—ইতি ভাবঃ। (২১শ—১ৎ—১সূ—৩সা)।

• • •

বঙ্গানুবাদ।

প্রসিদ্ধ—অশেষমহিমান্বিত দেবতা শত্রুনাশক রক্ষাস্ত্ররূপ আয়ুধধারণের দ্বারা সকলকে বশীভূত করেন। সেই দেবতা আত্মশক্তির দ্বারা বিশ্বকে বশীভূত করেন। যোদ্ধা প্রসিদ্ধ সেই ভগবান্ ইন্দ্রদেব স্বভক্তের সহিত সম্মিলিত হয়েন; ভক্ত সহ মিলিত, ভক্তগণের শুদ্ধসত্ত্বগ্রহীতা পরমশক্তিসম্পন্ন রক্ষাস্ত্রধারী অর্থাৎ অমিততেজঃ সেই দেবতা শত্রুনাশক অস্ত্রের দ্বারা রিপুগণকে নাশ করেন। (মন্ত্রটী নিত্যসত্যমূলক। ভাব

এই যে,—ভগবান সাধকগণের সহিত মিলিত হয়েন; তাঁহাদের রিপু বিনাশ করেন।)। (২১অ—১খ—১সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ, ত্রিষ্টুপ্, ইন্দ্রঃ। পূর্ব্বমন্ত্রে ইষেুণ জয়তেত্যুক্তং অন্যেনাপি জয়সাধন-সামর্থ্যং প্রতিপাদয়তি। 'সঃ' ইন্দ্রঃ 'ইষুহস্তৈঃ' ভটৈঃ মরুদাদিভিঃ 'বশী' বশয়িতাস্তৃণাম্, তথা 'নিষঙ্গিভিঃ' যুক্তঃ (নিষঙ্গঃ খড়্গঃ, তদ্বদ্ভিঃ) 'বশী' সচেন্দ্রো 'যুধঃ' যুধ্যমানঃ সন। ইগুপধলক্ষণঃ কঃ (৩।১।১৩৫)। অথবা 'যুধঃ' যুদ্ধহেতোঃ। 'গণেন' শত্রুসঙ্ঘেন সহ সংস্রষ্টা একীভবন-শীলঃ। যদ্বা এবাস্থানঃ অতঃ 'সংসৃষ্টজিৎ' যে পরস্পরৈকমত্যেন যুদ্ধায় সংসৃষ্টা ভবন্তি তেষাং জেতা চ, 'সোমপাঃ' সোমস্য পাতা, 'বাহুশর্দ্ধী' শর্দ্ধো বলং, বাহুবলং তদ্বান্। মত্বর্থীয় ইনিঃ (৫।২।১১৫)। যদ্বা, শৃধু প্রসহনে (ভ্বা০ আ০), বাহুভ্যাং শর্দ্ধয়ত্যভিভবতীতি বাহুশর্দ্ধী 'সুপ্যজাতৌ ণিনিস্তাচ্ছীল্যে (৩।২।৭৮) ইতি ণিনিঃ। 'উগ্রধন্বা' উদ্গতধন্বা, 'প্রতিহিতাভিঃ' শত্রুষু প্রেরিতাভিঃ ইষুভিঃ 'অস্তা' মারয়িতা, যত্রেষুন মুঞ্চতি তত্র বৃথা ন ভবতীত্যর্থঃ। ইষুণেনেন্দ্রেণ জয়তেতি সম্বন্ধঃ। (২১অ—১খ—১সূ—৩সা)।

* * *

তৃতীয় (১৮৪৮) সামের মর্ম্মার্থ।

———:*:———

মন্ত্রটী নিত্যসত্যমূলক। মন্ত্রের প্রধান ভাব এই যে,—ভগবান অপরিমিত শক্তিশালী। তিনি মানবের সর্ব্ববিধ রিপু নাশ করেন, তিনি অপরিমিত শক্তিসম্পন্ন, তাঁহার শক্তিবলে সমগ্র জগৎ তাঁহার বশীকৃত হয়। তাঁহার শক্তিই একমাত্র গুণ নহে; তাঁহার বিশেষত্ব তাঁহার মহত্বে। তাঁহার মহত্ব প্রকাশ পায়—মানবের প্রতি করুণায়। তিনি কেবলমাত্র অস্ত্রধারী নহেন, ধ্বংসেই তাঁহার কার্য্য পর্য্যবসিত নয়। তিনি মানবকে রক্ষা করেন এবং রক্ষা করিবার জন্যই তাঁহার অস্ত্রধারণ। গীতায় তাই ভগবদুক্তি দেখিতে পাই,—

"যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্।
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।"

শুধু তাই নয়, তিনি তাঁহার ভক্তের হৃদয়ে আবির্ভূত হয়েন,—ভক্তের সহিত মিলিত হয়েন। তাই তো ভক্ত সাধক সমস্ত পরিত্যাগ করিয়া তাঁহার দিকে ছুটিয়া যায়। তাঁহার মধুর বংশী-ধ্বনি শুনিয়া মানব আপনা ভুলিয়া তাঁহার দিকে ছুটিয়া চলে। তিনি ডাকিতেছেন,—

"সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যঃ মোক্ষয়িষ্যামি মা শুচ।"

সমস্ত ইন্দ্রিয়ধর্ম্ম পরিত্যাগ করিয়া আমার দিকে ছুটিয়া আইস, জগতের সকল কৃত্রিম বাধা, মোহজাল ছিন্ন কর, ঐ যে কৃত্রিমতা, ঐ যে আচারব্যবহারের গণ্ডী, ঐ যে গতানুগতিক ধর্ম্মকর্ম্ম, সে সকল পরিত্যাগ করিয়া আমার চরণে শরণ লও, সত্যধর্ম্ম গ্রহণ কর; কোনও পাপতাপই তোমাদিগকে স্পর্শ করিতে পারিবে না। এস এস, পাপতাপদগ্ধ নরনারী, শান্তিবারি গ্রহণ কর, ধন্য হও, কৃতার্থ হও।" তিনি আহ্বান করিয়াই নিশ্চিন্ত নহেন, আপনি আসিয়া সাধকের হৃদয়ে উপনীত হয়েন, ভক্তের সহিত মিলিত হয়েন—ইহাই মন্ত্রের প্রধান প্রতিপাদ্য।

এতৎসহ মন্ত্রের যে প্রচলিত ব্যাখ্যা আছে, তন্মধ্যে একটী বঙ্গানুবাদ নিম্নে প্রদত্ত হইল,—"বাণধারী ও তূণীরযুক্ত ব্যক্তিগণ তাঁহার সঙ্গে বিদ্যমান আছে, তিনি সকলকে বশ করেন। যুদ্ধকালে বিস্তর শত্রুর সঙ্গে সঙ্গে যুদ্ধ করেন, যাহারই অভিমুখে গমন করেন, তাহাকেই জয় করেন, তিনি সোমপান করেন, তাঁহার বিলক্ষণ ভুজবল, ও ভয়ানক যে ধনু সেই ধনু হইতে বাণ ত্যাগ করিয়া শত্রু পাতিত করেন।" (২১অ—১খ—১সূ—৩সা) *

—— • ——

প্রথমং সাম :

(প্রথমঃ খণ্ডঃ। দ্বিতীয়ং সূক্তং। প্রথমং সাম।)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বৃহস্পতে পরিদীয়া রথেন

৩ ১র ২র ৩ ১ ২
রক্ষোহামিত্রাঁ অপবাধমানঃ।

৩ ১র ২র ৩ ২ ৩ ১র
প্রভঞ্জন্‌ৎসেনাঃ প্রমৃণো যুধা

২র ৩ ১ ২ ৩ ১র ২র
জয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাম্‌ ॥ ১ ॥

• • •

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃহস্পতে' (বৃহতাং পতে, বিশ্বপালক হে দেব!) 'রথেন' (অস্মাকং সৎকর্ম্মসাধনেন প্রীতঃ সন, যথা—অস্মাকং হৃদয়ে ইত্যর্থঃ) 'পরিদীয়' (আগচ্ছ); 'রক্ষোহা' (রাক্ষসনাশকঃ, রিপুনাশকঃ) 'অমিত্রান' (শত্রূন্) 'অপবাধমানঃ' (সর্ব্বতোভাবেন নাশকারী) 'সেনাঃ'

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের তৃতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ষাবিংশ বর্গের অন্তর্গত)।

(রিপুসেনাঃ, রিপূন্) 'প্রভঞ্জন' (প্রকৃষ্টরূপেণ) 'প্রমৃণ' (হিংসন, বিনাশয়ন) 'যুধা' (রিপুসংগ্রামং) 'জয়ন্' (জয়ং কুর্ব্বন্) 'অস্মাকং' 'রথানাং' (সৎকর্ম্মণাং, যদ্বা হৃদয়রূপাণাং রথানাং) 'অবিতা' (রক্ষকঃ) 'এধি' (ভব)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে বিশ্বপতে ভগবন্! কৃপয়া অস্মাকং রিপূন্ বিনাশয়, তথা অস্মান্ সর্ব্বতোভাবেন সর্ব্ববিপদাং রক্ষ ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—১খ—২দ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে বিশ্বপালক দেব! আমাদের সৎকর্ম্মসাধনে প্রীত হইয়া (অথবা আমাদের হৃদয়রূপ রথে) আগমন করুন; আপনি রিপুনাশক—শত্রুদিগকে সর্ব্বতোভাবে নাশকারী, রিপুগণকে প্রকৃষ্টরূপে বিনাশ করিয়া, রিপুসংগ্রামে জয় করতঃ আমাদের সৎকর্ম্মের (অথবা হৃদয়রূপ রথের) রক্ষক হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে বিশ্বপতি ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদের রিপুগণকে বিনাশ করুন এবং আমাদিগকে সর্ব্বতোভাবে সর্ব্ববিপদ হইতে রক্ষা করুন)॥ (২১অ—১খ—২সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ, ত্রিষ্টুপ্, বৃহস্পতিঃ। হে 'বৃহস্পতে' বৃহতাং পতে! পালয়িতঃ দেব! 'রথেন' 'পরিদীয়' পরিগচ্ছ। দীয়তি গতিকর্ম্মা (নিঘ° ২।১৪।৬১)। আগত্য চ 'রক্ষোহাঃ' রক্ষসাং হন্তা 'অমিত্রান্' শত্রূন্ 'অপ বাধমানঃ' সর্ব্বতো নাশয়ন তথা 'সেনাঃ' শত্রুসম্বন্ধিনীঃ 'প্রভঞ্জন' প্রকর্ষেন নাশয়ন 'প্রমৃণন' প্রকর্ষেণ হিংসন্। মৃণ হিংসায়াং (তু°প°), ইগুপধলক্ষণঃ কঃ (৩।১।১৩৫)। কেন হিংসন? 'যুধা' যুদ্ধেন। সাবেকাচ (৬।১।১৬৮) ইতি বিভক্তেরুদাত্তত্বং। 'জয়ন্' এবং সর্ব্বং জয়ং প্রতিপদ্যমানঃ। ঈদৃশস্ত্বং অস্মাকং রথানাং 'অবিতা' রক্ষিতা 'এধি' ভব। (২১অ—১খ -২দ—১সা)

* * *

প্রথম (১৮৪১) সামের মর্ম্মার্থ।

———:•:———

আমরা প্রথমেই এই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি। যথা,—"হে বৃহস্পতি! রাক্ষসদিগকে বধ করিতে করিতে এবং শত্রুদিগকে পীড়া দিতে দিতে রথযোগে আগমন কর শত্রুসেনা ধ্বংস কর, বিপক্ষ যোদ্ধাদিগকে মারিয়া ফেল, জয়ী হও, আমাদিগের রথগুলি রক্ষা কর।"

এতৎসহ ভাষ্যানুযায়ী একটী হিন্দি অনুবাদ প্রদান করিতেছি, তাহা এই,—"হে বহুদেবতাকে রক্ষক ইন্দ্র! রথপর চঢ়কর আও, আবার রাক্ষসোকো নাশকর্ত্তা আউর শত্রুওঁকো পীড়া দেতা হুআ শত্রুওকী সেনাওকো ছিন্ন ভিন্ন করতা হুআ নষ্ট কর যুদ্ধমে সর্ব্বত্র বিজয় পাতাহুআ হমারে রথোকা রক্ষক হো।"

মন্ত্রটীর এই ব্যাখ্যার সহিত আমাদের ব্যাখ্যার অনেকাংশে ঐক্য পরিদৃষ্ট হইবে। 'বৃহস্পতি' পদে ভাষ্যকার অর্থ করিয়াছেন—'বৃহতাং পতি'। আমরাও অনুরূপ অর্থ গ্রহণ করিয়াছি। যিনি মহতের অর্থাৎ সৎকর্ম্মপরায়ণ সাধুগণের রক্ষক, যিনি বিশ্বের রক্ষক, তাঁহারই চরণে প্রার্থনা নিবেদিত হইয়াছে।

মন্ত্রের প্রধান ভাব—ভগবানের রিপুনাশিকা শক্তির মাহাত্ম্যই পরিকীর্ত্তিত হইয়াছে। তিনি রিপুনাশক, রিপুসংগ্রামে সমস্ত শত্রুকুলকে তিনি ধ্বংস করেন। তাঁহার কৃপাতেই আমরা রিপুকুলের হাত হইতে উদ্ধার লাভ করিতে পারি, তিনি মানবের—সমগ্র বিশ্বের পালক ও রক্ষক। আলোচ্য মন্ত্রের মধ্যে ভগবানের এই একটী মহত্ত্বের বিষয়ই বিশেষভাবে প্রখ্যাপিত হইয়াছে। (২১অ—১খ ২সূ—১সা) ।*

—— • ——

দ্বিতীয়ং সাম।

(প্রথমং খণ্ডঃ, দ্বিতীয়ং সূক্তং, প্রথমং সামঃ)।

৩ ১র ২র৩ ১ ২ ৩
বলবিজ্ঞায়ঃ স্থবিরঃ প্রবীরঃ

১ ২ ৩ ১র ২র ৩ ২
সহস্বান্ বাজী সহমান উগ্রঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১র
অভিবীরো অভিসত্বা সহোজা

২র ৩ ২ ৩ ১ ২ ৩ ২
জৈত্রমিন্দ্র রথমাতিষ্ঠ গোবিৎ ॥ ২ ॥

* *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (সর্ব্বশক্তিমন্ হে দেব!) 'বলবিজ্ঞায়ঃ, (সর্ব্বজ্ঞ বলভূতঃ, সর্ব্বদা শক্তিস্বরূপঃ ইত্যর্থঃ) 'স্থবিরঃ' (অচঞ্চলঃ, গুণবদ্ধঃ বা) 'প্রবীরঃ' (প্রকর্ষেণ বীরঃ, প্রভূতশক্তিসম্পন্নঃ)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের চতুর্থী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

'সহস্বান' (শত্রুজয়ী) 'বাজী' (শক্তিমান) 'সহমানঃ' (রিপুনাশকঃ) 'উগ্রঃ' (উদ্গূর্ণবলঃ, তীব্রতেজঃসম্পন্নঃ) 'অভিবীরঃ' (বীরত্বসম্পন্নঃ) 'অভিসত্বা' (অভিগতসত্বা, সর্ব্বস্ব প্রাণস্বরূপঃ) 'সহোজাঃ' (বলজাতঃ, শক্তিস্বরূপঃ) 'গোবিৎ' (জ্ঞানবান, সর্ব্বজ্ঞঃ) ত্বং 'জৈত্রং' (জয়শীলং, জয়দায়কং) 'রথং' (সৎকর্ম্মসাধনসামর্থ্যং) 'অতিষ্ঠ' (অস্মভ্যং প্রদেহি)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ সর্ব্বত্রং জয়শীলান্ কুরু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২০অ-১খ-২সূ-২সা)॥

* . *

বঙ্গানুবাদ।

সর্ব্বশক্তিমন্ হে দেব! সকলের শক্তিস্বরূপ, অচঞ্চল প্রভূতশক্তি-সম্পন্ন, শত্রুজয়ী শক্তিমান্ রিপুনাশক, তীব্রতেজঃসম্পন্ন বীরত্বসম্পন্ন, সকলের প্রাণস্বরূপ শক্তিস্বরূপ সর্ব্বজ্ঞ আপনি, জয়দায়ক সৎকর্ম্মসাধন-সামর্থ্য আমাদিগকে প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে সর্ব্বত্র জয়শীল করুন।)॥ (১২অ—১খ—২সূ—২সা)॥

* . *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ ত্রিষ্টুপ্, ইন্দ্রঃ। সর্ব্বদা বলং বিজানাতীতি 'বলবিজ্ঞায়ঃ'। যদ্বা। মমায়মিতি সর্ব্বৈর্জ্জনৈর্বলবেন বিজ্ঞায়ত ইতি বলবিজ্ঞায়ঃ সর্ব্বদা বলভূত ইত্যর্থঃ। 'স্থবিরঃ' মহান্ 'প্রবীরঃ' প্রকর্ষেণ বীরঃ, 'সহস্বান' পরাভিভবন-সামর্থ্যবান, 'বাজী' বেগবান অন্নবান বা, 'সহমানঃ' শত্রূনামভিভবিতা, 'উগ্রঃ' উদ্গূর্ণবলঃ 'অভিবীরঃ' অভিগতা বীরা বীর্য্যবন্তোঽনুচরা যস্য চ তথোক্তঃ, 'অভিসত্বা' অভিগতসত্বা, 'সহোজাঃ' সহসো বলাজ্জাতঃ। এবং মহানুভাবস্ত্বং হে ইন্দ্র! 'জৈত্রং' জয়শীলং 'রথং' 'আ তিষ্ঠ' অস্মৎসহায়ার্থং আরোঢুমর্হসি। ত্বঞ্চ 'গোবিৎ' উদকস্য স্তোতৃণাং লব্ধা বেদিতা বা। (২০অ-২খ-২সূ-২সা)।

* . *

দ্বিতীয় (১৮৫০) সামের মর্ম্মার্থ।

———:*:———

মন্ত্রটী প্রার্থনামূলক। এই মন্ত্রের মধ্যে ভগবানের শক্তির বিষয় বর্ণিত হইয়াছে। তিনি 'বলবিজ্ঞায়ঃ' অর্থাৎ সকলের শক্তির মূল উৎস। মানুষ বা অন্য যে কোনও প্রাণী বা বস্তুর মধ্যে যে শক্তির ক্রিয়া দেখিতে পাওয়া যায়, তাহা ভগবানেরই শক্তির বিকাশমাত্র। প্রবলবেগে বায়ু প্রবাহিত হয়, সেই অপ্রতিহতশক্তি প্রভঞ্জন, তাঁহারই নিশ্বাসমাত্র। সজলজলদে বিশ্বধ্বংসকারী যে বিদ্যুচ্চমক, তাহা তাঁহারই ক্রোধাগ্নিস্ফুলিঙ্গ মাত্র। যেখানে যে শক্তির বিকাশ দেখিতে পাওয়া যায়, তাহা তাঁহারাই শক্তির কণা-বিকাশ মাত্র।

তাই তাহার সম্বন্ধে বলা হইয়াছে, - 'প্রবীরঃ', 'বাজী', 'অভিবীরঃ' অর্থাৎ শক্তিপ্রকাশক। এই পদগুলির দ্বারা তাঁহার শক্তির পরিমাণ ঘোষণা করিতেছে মাত্র। কিন্তু সসীম মানুষের কি সাধ্য যে, অসীম তাঁহার মহিমাগাথা সম্যক্‌ভাবে গাহিতে পারে? তাই একার্থ-প্রকাশক বহুশব্দ সংযুক্ত হইয়াছে।

তিনি 'গোবিৎ' অর্থাৎ জ্ঞানস্বরূপ। ভাষ্যকার অর্থ করিয়াছেন—"উদকস্য স্তুতের্বা লব্ধা বেদিতা বা"। বিবরণকার আরও অনেক অর্থ করিয়াছেন; যথা—"গোবিৎ - রশ্মিমান্। অথবা উদকবান্। অথবা গাবো যস্য বিদ্যন্তে স গোবিৎ। অথবা বিদ্‌জ্ঞানে—ইত্যস্মৈতদ্রূপং" যাহা হউক, আমরা 'গো'শব্দে জ্ঞানকিরণ বুঝিয়া থাকি; বর্ত্তমান স্থলেও তাহার অন্যথা দেখিতে পাওয়া যায় না।

মন্ত্রের মধ্যে শেষভাগে একটী প্রার্থনা আছে। এই প্রার্থনার সঙ্গেই ভগবন্মাহাত্ম্যখ্যাপনের ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে। সেই প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ পরমশক্তির আধার, তিনি সর্ব্বশক্তিমান্ সর্ব্বত্র জয়শীল। তাঁহার কৃপায় আমরা যেন সর্ব্বত্র জয়লাভ করিতে পারি,—আমরা যেন রিপুজয়ে সমর্থ হই। ইহাই প্রার্থনার প্রতিপাদ্য বিষয়।

এতৎসহ মন্ত্রের প্রচলিত একটী বঙ্গানুবাদ প্রদত্ত হইল। সে বঙ্গানুবাদ এই,—"হে ইন্দ্র! তুমি শত্রুর বল জান, তুমি বহুকালের প্রাচীন, উৎকৃষ্ট বীর, তেজস্বী, বেগবান, ভয়ঙ্কর ও বিপক্ষ পরাভবকারী। বীরদিগের প্রতি ধাবমান হও, প্রাণিদিগের প্রতি ধাবমান হও, তুমি বলের পুত্রস্বরূপ। এতাদৃশ তুমি গাভী জয়ের জন্য জয়শীল রথে আরোহণ কর।" (২১অ—১খ—২সূ—২সা)॥ *

— — • — —

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। দ্বিতীয়ং সূক্তং। তৃতীয়ং সাম)।

৩ ২ ২ ৩ ২ ৩ ১ ২ ৩
গোত্রভিদং গোবিদং বজ্রবাহুং

১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
জয়ন্তমজ্ম প্রমৃণন্তমোজসা।

৩ ১ ২ ৩ ১ ২ ৩
ইম৺ সজাতা অনু বীরয়ধ্ব-

১ ২ ৩ ২ ৩ ১ ২
মিন্দ্র৺ সখায়ো অনু স৺ রভধ্বম্॥ ৩॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের পঞ্চমী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী ব্যাখ্যা।

'সজাতাঃ' (সহোৎপন্নাঃ, জন্মসহজাতাঃ) 'সখায়ঃ' (মিত্রভূতাঃ হে মম চিত্তবৃত্তয়ঃ!) যূয়ং 'গোত্রভিদং' (পাষাণসদৃশদুর্দ্ধর্ষরিপুনাশকং) 'গোবিদং' (পরাজ্ঞানযুতং, সর্ব্বজ্ঞং ইত্যর্থঃ) 'বজ্রবাহুং' (রক্ষাস্ত্রধারিণং) 'অজ্মজয়ন্তং' (রিপুসংগ্রামজয়কারিণং – রিপুজয়িনং) 'ওজসা প্রমৃণন্তং' (স্বশক্ত্যা রিপুনাশকং) 'ইমং' (ইমং প্রসিদ্ধং দেবং) 'অনুবীরয়ধ্বং' (অনুসরণং কৃত্বা রিপুজয়ং কুরুত) তথা 'অনু সংরভধ্বং' (তমেব অনুসরণং কৃত্বা সত্ত্বানুশীলনং কুরুত)। আত্মোদ্বোধকঃ অয়ং মন্ত্রঃ। হে মম চিত্তবৃত্তয়ঃ! ভগবদনুসারিণঃ ভবত—ইতি ভাবঃ। (২১অ—১খ—২সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

জন্মসহজাত মিত্রভূত হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা পাষাণসদৃশ-দুর্দ্ধর্ষরিপুনাশক পরাজ্ঞানযুক্ত সর্ব্বজ্ঞ রক্ষাস্ত্রধারী রিপুসংগ্রামজয়কারী, রিপুজয়ী স্বশক্তির দ্বারা রিপুনাশক এই প্রসিদ্ধ দেবকে অনুসরণ করিয়া রিপুজয় কর; এবং তাঁহাকেই অনুসরণ করিয়া সত্ত্বানুশীলন কর। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—হে আমার চিত্তবৃত্তিসমূহ! ভগবদনুসারী হও।)। (২১অ—১খ—২সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ ত্রিষ্টুপ্, ইন্দ্রঃ। 'গোত্রভিদং।' গা উদকানি ত্রায়ন্ত ইতি গোত্রা মেঘাঃ। যদ্বা, গোর্ভূমিঃ তাং ত্রায়ন্ত ইতি। গোত্রাঃ পর্ব্বতাঃ, তেষাং ভেত্তারং 'গোবিদং' উদকস্য লব্ধারং, 'বজ্রবাহুং' বজ্রহস্তং। প্রহরণার্থেভ্যঃ (২।২।৩৭ বা০) ইতি সপ্তম্যাঃ পরনিপাতঃ। 'জয়ন্তং' জয়নশীলং, 'অজ্ম' গমনশীলং শত্রুবলং 'ওজসা' বলেন জয়ন্তং। যদ্বা, 'অজ্ম' আজিং 'জয়ন্তং' 'ওজসা' বলেন। 'প্রমৃণন্তং' শত্রূনভিভবন্তং। ঈদৃশং মহানুভাবং ইন্দ্রং হে 'সজাতাঃ' সহোৎপন্না যোদ্ধারো যূয়ং 'অনুবীরয়ধ্বং' এনমগ্রতঃ কৃত্বা 'অনু' পশ্চাৎ 'বীরয়ধ্বং' বীরকর্ম্ম যুদ্ধং কুরুধ্বং। বীর শূর বিক্রান্তৌ, বীর-শব্দাৎ তৎ করোতি তদাচষ্টে (সি০ কৌ০ তি০ চু০) ইতি ণিচ্। হে 'সখায়ঃ' পরস্পরং সখিভূতা যূয়ং 'ইমং ইন্দ্রং' 'সংরভমাণং' অনুসংরভধ্বং। (২১অ—১খ ২সূ ৩সা)॥

* * *

তৃতীয় (১৮৫১) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী আত্মোদ্বোধক। আমরা প্রথমে মন্ত্রের প্রচলিত একটী বঙ্গানুবাদ উদ্ধৃত করিতেছি। বঙ্গানুবাদটী এই,—"ইন্দ্র মেঘদিগকে বিদীর্ণ করেন, গাভী লাভ করেন, তাঁহার হস্তে বজ্র

তিনি অস্থির শত্রুসৈন্য নিজ তেজে জয় ও বধ করে। হে আত্মীয়জন ইহার দৃষ্টান্তে বীরত্ব কর; হে সখাগণ! ইহার অনুসারী হইয়া পরাক্রম প্রকাশ কর।"

ব্যাখ্যার প্রধান কথা এই যে,—ভগবানকে অনুসরণ কর। তিনি শক্তিশালী; তাঁহার অনুসরণে আমরাও শক্তি লাভ করিতে পারিব। তিনি শত্রুজয়ী; তাঁহার পদাঙ্কানুসরণে আমরাও রিপুজয়ে সমর্থ হইব—ইহাই মন্ত্রের বিশেষ প্রতিপাদ্য বিষয়। যাহাতে আমরাও ভগবানের অনুসরণ করিতে পারি, যাহাতে আমাদের সমগ্রশক্তি ভগবদারাধনায় নিয়োজিত করিতে পারিব।

ভাষ্যকারও এই মত গ্রহণ করিয়াছেন। নিম্নে ভাষ্যানুযায়ী একটী হিন্দী অনুবাদ প্রদত্ত হইল। যথা,—"হে সাম উৎপন্ন হুয়ে বীরোঁ পর্ব্বতোঁকে তোড়নেওয়ালে আউর স্তুতিকো প্রাপ্ত হোনেওয়ালে বজ্রধারী আউর সংগ্রামকো জীতনেওয়ালে বলসে শত্রুওঁকো তিরস্কারকরনেওয়ালে ইস ঈন্দ্রকো আগে করকে বীরকর্ম্ম যুদ্ধকো করো হে মিত্রো ইস ইন্দ্রকে শত্রুওঁ পর ক্রোধকরণে পর তুমভী ক্রোধসে ভরজাও।" (২১ ১খ ২স-১সা)।

প্রথমং সাম।

(প্রথম খণ্ড। তৃতীয়ং সূক্তং। প্রথমং সাম।)

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩

অভি গোত্রাণি সহসা

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩

গাহমানোঽদয়ো বীরঃ শতমন্যুরিন্দ্রঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩

দুশ্চ্যবনঃ পৃতনাষাডযুধ্যোঽ৩স্মাকং

২ ১ ৩ ২ ৩ ২

সেনা অবতু প্রযুৎসু॥ ১॥ *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'গোত্রাণি' (পর্ব্বতানি, পাষাণসদৃশকঠোররিপূন্ ইত্যর্থঃ) 'সহসা' (বলেন, স্বশক্ত্যা) 'অভিগাহমানঃ' (প্রবিশন, ধ্বংসং কুর্ব্বন, ধ্বংসকারী) 'অদয়ঃ' (পাপনাশায় দয়াহীনঃ)

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের ষষ্ঠী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

'বীরঃ' (শক্তিসম্পন্নঃ) 'শতমন্যুঃ' (বহুকর্ম্মোপেতঃ, সৎকর্ম্মসাধকঃ ইত্যর্থঃ) 'দুশ্চাবনঃ' (অন্যৈঃ অচ্যাবঃ, অপ্রতিহতশক্তিঃ) 'পৃতনাষাট্' (রিপুনাশকঃ) 'অযুধ্যঃ' (সম্প্রহর্ত্তুমশক্যঃ, অপরাজেয়ঃ ইত্যর্থঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'যুৎসু' (রিপুসংগ্রামেষু) 'সেনাঃ' (অস্মাকং সেনাঃ, অস্মাকং রিপুজয়শক্তিং ইতি ভাবঃ) 'প্রাপতু' (রক্ষতু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। কৃপয়া ভগবান্ অস্মভ্যং রিপুনাশিকাং শক্তিং প্রযচ্ছতু তথা তাং শক্তিং রক্ষতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—১খ ৩সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

পাষাণসদৃশ কঠোর রিপুদিগকে স্বশক্তিতে ধ্বংসকারী, পাপনাশে দয়াহীন, শক্তিসম্পন্ন বহুকর্ম্মোপেত, অপ্রতিহতশক্তি, রিপুনাশক, অপরাজেয় ভগবান্ ইন্দ্রদেব রিপু-সংগ্রামে আমাদের রিপুজয়শক্তিকে রক্ষা করুন (মন্ত্রটী প্রার্থনামূলক প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপা-পূর্ব্বক আমাদিগকে রিপুনাশিকা শক্তি প্রদান করুন এবং সেই শক্তি রক্ষা করুন।)। (২১অ—১খ—৩সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথ ত্রিষ্টুপ্ ইন্দ্রঃ। অয়ং 'ইন্দ্রঃ' 'গোত্রাণি' অভ্রাণি মেঘান্ 'সহসা' বলেন 'অভিগাহমানঃ' প্রবিশন্, 'অদয়ঃ' নির্দ্দয়ঃ, 'বীরঃ' বিক্রান্তঃ, 'শতমন্যুঃ' বহুযজ্ঞঃ বহু-ক্রোধো বা, 'দুশ্চাবনঃ' অন্যৈরচ্যাব্যঃ, 'পৃতনাষাট্' শত্রু-সেনানামভিভবিতা। ছন্দসি সহঃ (৩২।৬।৩) ইতি ণ্বিঃ সহেঃ সাড়ঃ সঃ (৮।৩।৫৬) ইতি মূর্দ্ধন্যাদেশঃ। 'অযুধ্যঃ' সম্প্রহর্ত্তুমশক্যঃ। যুধ সম্প্রহারে, ছান্দসঃ ক্যপ্ (৩।১।৮৫)। ঈদৃগিন্দ্রঃ অস্মাকং সেনা 'যুৎসু' সংগ্রামেষু 'প্রাবতু' প্রকর্ষেণ রক্ষতু। (২১অ—১খ—৩সূ—১সা)।

* * *

প্রথম (১৮৫২) সামের মর্ম্মার্থ।

মন্ত্রের মূলভাব প্রার্থনা; সেই প্রার্থনার উদ্দেশ্য—আত্মরক্ষা, আত্মরক্ষা করিতে হইলে রিপুগণের—আক্রমণকারীর আক্রমণ ব্যর্থ করা চাই, সেইজন্য শক্তির প্রয়োজন। ভগবানের সেই শক্তির বিষয়ই মন্ত্রের মধ্যে প্রখ্যাপিত হইয়াছে।

'গোত্রাণি' পদের সাধারণ অর্থ পর্ব্বত। সেই পর্ব্বতকে যিনি ছিন্নভিন্ন করিতে পারেন, তাঁহার নাম—গোত্রভিদ। 'গোত্র' শব্দের এই অর্থ গ্রহণ করিয়া ইন্দ্র সম্বন্ধে নানা আখ্যায়িকার সৃষ্টি হইয়াছে। একটী আখ্যায়িকা এই—পুরাকালে পর্ব্বতের পাখা ছিল এবং সেই পাখার সাহায্যে পর্ব্বতসমূহ উড়িয়া বেড়াইত। কিন্তু যেখানে নামিত, সেই জায়গার সমস্তই চূর্ণবিচূর্ণ হইয়া যাইত। ইহাতে প্রজাগণের অত্যন্ত ক্লেশ হওয়াতে তাহারা ভগবান ইন্দ্রদেবের

নিকট অভিযোগ করিলে, তিনি প্রজারক্ষার্থ বজ্রের দ্বারা সমস্ত পর্ব্বতের পাখা কাটিয়া দেন। সেই অবধি পর্ব্বতসমূহ স্থিরভাবে একস্থলে দণ্ডায়মান আছে।

এই আখ্যায়িকার উপর আর একটুখানি রং ফলাইয়া অন্য এক শ্রেণীর ব্যাখ্যাতা বলেন যে, মেঘেরই অন্য নাম পর্ব্বত। মেঘগুলিকে পর্ব্বতের ন্যায় দেখায়, তাই রূপকচ্ছলে ইন্দ্রের মেঘের উপর আধিপত্য প্রকাশিত হইয়াছে। কারণ ইন্দ্র মধ্য-আকাশের দেবতা—ইত্যাদি।

এই সকল মতের সহিত আমাদের কোনও সহানুভূতি নাই। 'গোত্র' শব্দের অর্থ পর্ব্বত। কিন্তু ভগবানের পাহাড় ভাঙ্গার কোন সদর্থ খুঁজিয়া পাওয়া যায় না। আমরা মনে করি, 'গোত্র' শব্দে এখানে পাষাণকঠোর দুর্দ্ধর্ষ রিপুগণকে লক্ষ্য করিতেছে। যিনি সেই ভীষণ শত্রুগণকে বিনাশ করেন, তিনিই গোত্রভিদ্। পরের কয়েকটী পদেও ভগবানের রিপুনাশিকা শক্তিরই মাহাত্ম্য পরিকীর্ত্তিত হইয়াছে। তন্মধ্যে 'অদয়ঃ' পদবিশেষভাবে প্রণিধানযোগ্য। ভগবান দয়ার সাগর, কিন্তু রিপুনাশের সময় জগতের মঙ্গলের জন্য দয়াহীনতাই দয়ার চেয়ে শ্রেষ্ঠতর। তাই তিনি রিপুসংগ্রামে 'অদয়ঃ'।

যাহা হউক, আমরা পাঠকগণের অবগতির জন্য এতৎসহ একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি, তাহা এই,—শত যজ্ঞকারী বীর ইন্দ্র মেঘদিগের দিকে ধাবমান হইতেছেন, তাঁহার দয়া নাই, তিনি স্থানভ্রষ্ট হয়েন না, শত্রুসেনা পরাভব করেন, তাহার সঙ্গে কেহ যুদ্ধ করিতে পারে না; যুদ্ধস্থলে তিনি আমাদিগের সেনাবর্গকে রক্ষা করুন।" (২১অ-১খ—৩সূ—১সা)। *

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। তৃতীয়ং সূক্তং। দ্বিতীয়ং সাম।)

১ ২ ৩২উ ৩ ২ ৩
ইন্দ্র আসান্নেতা বৃহস্পতি-

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
র্দক্ষিণা যজ্ঞঃ পুর এতু সোমঃ।

৩ ২ ৩ ১
দেবসেনানামভিভঞ্জতীনাং

২র ৩ ১ ২ ৩ ১ ২
জয়ন্তীনাং মরুতো যন্ত্বগ্রম্ ॥ ২ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যাধিকশততম সূক্তের সপ্তমী ঋক্ (অষ্টম অষ্টক, সপ্তম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'দেবসেনানাং' 'নেতা' (পরিচালকঃ অথবা দেবভাবানাং নায়কঃ ইত্যর্থঃ) ভবতি ইতি শেষঃ ; 'বৃহস্পতিঃ' (বৃহতাং পতি, বিশ্বপতিঃ, যদ্বা -জ্ঞানাধি- পতিঃ) 'আসাং' (আসাঃ দেবসেনানাং, যদ্বা –দেবভাবানাং) 'দক্ষিণা' (দক্ষিণভাগেন, শ্রেষ্ঠভাগেন) ভবতু ; 'যজ্ঞঃ' (সৎকর্ম্মসাধকঃ) 'সোম.' (শুদ্ধসত্ত্বঃ) 'পুরঃ' (অগ্রতঃ) 'এতু' (গচ্ছতু) 'মরুতঃ' (বিবেকরূপিণঃ জ্ঞানদেবাঃ) 'অভিভঞ্জতীনাং' (অস্মদমিত্রাণাং মর্দ্দয়ন্তীনাং, রিপুনাশকানাং) 'জয়ন্তীনাং' (রিপুজয়িনাং) দেবভাবানাং 'অগ্রং' 'যন্তু' (গচ্ছন্তু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ সর্ব্বতোভাবেন অস্মান্ পরিচালয়তু, অস্মাকং সদ্বৃত্তীন্ রক্ষতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ -১খ -৩সূ -২সা) ॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবান্ ইন্দ্রদেব দেবসেনাদিগের অর্থাৎ দেবভাবসমূহের পরিচালক হয়েন; বিশ্বপতি অথবা জ্ঞানাধিপতিদেব এই দেবসেনাদিগের (অথবা দেবভাবসমূহের) দক্ষিণভাগে থাকুন; সৎকর্ম্মসাধক শুদ্ধসত্ত্ব অগ্রে গমন করুন; বিবেকরূপী জ্ঞানদেবগণ, রিপুনাশক রিপুজয়ী দেবভাবসমূহের অগ্রে গমন করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ সর্ব্বতোভাবে আমাদিগকে পরিচালিত করুন, আমাদের সদ্বৃত্তিসমূহকে রক্ষা করুন।) ॥ (২১অ—১খ—৩সূ—২সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঃ, ত্রিষ্টুপ্, ইন্দ্রঃ। 'আসাং' অস্মৎসহায়ার্থমাগতানাং দেবসেনানাং অয়ং, 'ইন্দ্রঃ' 'নেতা' নায়কঃ অস্তু। তথা তস্য 'বৃহস্পতিঃ' 'পুর এতু' এবং 'দক্ষিণা যজ্ঞঃ সোমঃ' চ পুর এত্বিতি প্রত্যেকং সম্বন্ধঃ। তথা 'দেবসেনানাং' 'অভিভঞ্জতীনাং' অস্মদমিত্রাণামাভিমুখ্যেন মর্দ্দয়ন্তীনাং 'ভঞ্জন্তীনাং। ত্যাচ্ছন্দসি (৬। ১। ১৭৮) ইতি ন্যম উদাত্তত্বং। 'জয়ন্তীনাং'। ইত্যত্র বহুলবচনায় ভবতি। তাসাং 'অগ্রং' 'মরুতঃ' 'যন্তু' গচ্ছন্তু। (২১অ—১খ—৩সূ -২সা)।

* * *

দ্বিতীয় (১৮৫৩) সামের মর্ম্মার্থ।

মন্ত্রের মধ্যে একটী যুদ্ধ বর্ণনা আছে। যুদ্ধের সেনা ও সেনাপতির অবস্থান নির্ণয় করা হইয়াছে। কোন স্থলে কোন সেনাপতি বা তাঁহার নিম্নপদস্থ কর্ম্মচারী অবস্থান করিবেন, তাহা যথারীতি বর্ণনা করা হইয়াছে।

কিন্তু সে কিরূপ যুদ্ধ? কাহার সহিত যুদ্ধ? যুধ্যমান উভয় পক্ষ কাহারা? প্রচলিত ব্যাখ্যাদিতে অনেকস্থলেই দেখা যায় যে, সেই যুদ্ধে যেন মানুষ ও অসুর অথবা দেবতা ও অসুর দুই পক্ষরূপে দণ্ডায়মান। সেই দুই পক্ষের মধ্যে যে যুদ্ধ চলে বা চলিতেছে, তাহা আমরা অস্বীকার করি না। কিন্তু প্রচলিত মতানুসারে যে প্রকারে এই যুদ্ধের ব্যাখ্যা করা হয়, তাহা আমরা স্বীকার করিতে পারি না। এই সকল ব্যাখ্যা দেখিলে মনে হয় যে, অসুরাদি যেন আমাদের মতই [illegible] বিশিষ্ট। এইরূপ ব্যাখ্যা হইতে পাশ্চাত্য পণ্ডিতগণ অবধারণ করেন যে, এই যুদ্ধ আর্য্য ও অনার্য্যের মধ্যে সংঘটিত হইয়াছিল এবং বেদে সেই যুদ্ধের বর্ণনাই পাওয়া যায়। এই সূত্র গ্রহণ করিয়া তাঁহারা আর্য্য ও অনার্য্যের আদি-নিবাস, আর্য্যদের ভারতজয়, আর্য্য-অনার্য্য-যুদ্ধ প্রভৃতি প্রকাণ্ড প্রকাণ্ড মতবাদ গড়িয়া তুলিয়াছেন।

কিন্তু এই মন্ত্র সেই সকল মতবাদকে নিরস্ত করিয়া দিয়াছে। মন্ত্রের মধ্যে 'দেবসেনানাং' পদ থাকায় বেদোক্ত যুদ্ধের প্রকৃতি নির্ণীত হইয়াছে। এই যুদ্ধ দেবাসুরের যুদ্ধ নিশ্চয়। দেবভাবের সহিত পশুভাবের অথবা পাপের অবিরত সংগ্রাম চলিতেছে। মন্ত্রে সেই যুদ্ধেরই বর্ণনা পাওয়া যায়। অথচ এমন বর্ণনা প্রদত্ত হইয়াছে যে, আপাতঃদৃষ্টিতে তাহা সাধারণ যুদ্ধবর্ণনা বলিয়াই মনে হয়। কিন্তু মন্ত্রের অভ্যন্তরে প্রবেশ করিলে প্রকৃত বিষয় অধিগত হয়। আমরা মনে করি, এই মন্ত্রে যেমন স্পষ্টভাবে যুদ্ধের বর্ণনা আছে এবং যেরূপ স্পষ্টতররূপে যুদ্ধের প্রকৃতি বর্ণিত হইয়াছে, তাহাতে আমাদের গৃহীত অর্থের সার্থকতা সহজেই পরিলক্ষিত হইবে। (২১অ - ১খ—৩সূ—২সা)॥ *

— • —

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। তৃতীয়ং সূক্তং। তৃতীয়ং সাম।)

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দ্রস্য বৃষ্ণো বরুণস্য রাজ্ঞ আদিত্যানাং

৩ ২ ৩ ১ ২ ৩ ২
মরুতা৺্ শর্দ্ধ উগ্রম্।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
মহামনসাং ভুবনচ্যবানাং ঘোষো

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
দেবানাং জয়তামুদস্থাৎ ॥ ৩ ॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের অষ্টমী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃষ্ণঃ' (অভীষ্টবর্ষকস্য) 'ইন্দ্রস্য' (ভগবতঃ ইন্দ্রদেবস্য) 'রাজ্ঞঃ বরুণস্য' (সর্ব্বেষাং অধিপতিস্বরূপস্য করুণাশীলস্য দেবস্য) তথা 'আদিত্যানাং' (জ্ঞানদেবস্য) 'মরুতাং' (বিবেকরূপিণঃ দেবস্য ইত্যর্থঃ) 'উগ্রং শর্দ্ধঃ' (উদ্‌গূর্ণং বলং, দিব্যশক্তিং ইত্যর্থঃ) বয়ং লভেমহি ইতি শেষঃ; 'মহামনসাং' (উদারহৃদয়ানাং) 'ভুবনচ্যবানাং' (ভুবনানাং চ্যাবয়িতৄণাং, বিশ্বপালকানাং ইত্যর্থঃ) 'জয়তাং দেবানাং' (জয়শীলানাং দেবতাবানাং) 'ঘোষঃ' (জয়ধ্বনিঃ) 'উদস্থাৎ' (উত্তিষ্ঠতি)। প্রার্থনামূলকঃ তথা নিত্যসত্যপ্রখ্যাপকঃ অয়ং মন্ত্রঃ। অত্র তু লক্ষ্যঃ দ্যোততে। বয়ং ভগবতঃ দিব্যশক্তিং লভেমহি; সাধকাঃ—সর্ব্বে জীবাঃ ভগবন্মাহাত্ম্যং কীর্ত্তয়ন্তি ইতি ভাবঃ (২১অ—১খ—৩সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

অভীষ্টবর্ষক ভগবান্ ইন্দ্রদেবের, সকলের অধিপতিস্বরূপ করুণাশীল দেবতার এবং জ্ঞানদেবের, বিবেকরূপী দেবতার দিব্যশক্তি আমরা যেন লাভ করি; উদারহৃদয় বিশ্বপালক জয়শীল দেবতাবসমূহের জয়ধ্বনি উত্থিত হয়। (মন্ত্রটী প্রার্থনামূলক এবং নিত্যসত্যপ্রখ্যাপক। ভাব এই যে,—আমরা যেন ভগবানের দিব্যশক্তি লাভ করি; বিশ্বের সকল জীব ভগবানের মাহাত্ম্য কীর্ত্তন করেন।)॥ (২১অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

অপ্রতিহতৈশ্চিষ্টৌ বিপ্রঃ 'বৃষ্ণঃ' বর্ষকস্য 'ইন্দ্রস্য' 'রাজ্ঞঃ বরুণস্য' 'আদিত্যানাং' 'মরুতাং' চ উগ্রং' উদ্‌গূর্ণং 'শর্দ্ধঃ' বলং অস্মাকং ভবত্বিতি শেষঃ। কিঞ্চ 'মহামনসাং' উদারমনসাং 'ভুবনচ্যবানাং' ভুবনানাং চ্যাবয়িতৄণাং 'দেবানাং' ঘোষঃ' জয়শব্দঃ 'উদস্থাৎ' উত্তিষ্ঠতি। অনূর্দ্ধকর্ম্মত্বাদাত্মনেপদাভাবঃ (১।৩।২৪)॥ (২১অ—১খ—৩সূ—৩সা)॥

* * *

তৃতীয় (১৮৫৪) সামের মর্ম্মার্থ।

মন্ত্রের মধ্যে দুইটী ভাব প্রকাশিত হইয়াছে প্রথম অংশে ভগবৎশক্তিলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে, এবং দ্বিতীয় অংশে একটী নিত্যসত্য প্রখ্যাপিত হইয়াছে। মন্ত্রের প্রথমাংশে ভগবানের বিভিন্ন বিভূতির উদ্দেশে, বিভিন্ন বিভূতির প্রতি প্রার্থনা নিবেদিত হইয়াছে। ইন্দ্রকে 'বৃষ্ণ' অর্থাৎ অভীষ্টবর্ষক বলা হইয়াছে। সেই ইন্দ্রদেবের এবং জ্ঞানদেবের ও বিবেকরূপী দেবতার শক্তি যাহাতে আমরা লাভ করিতে পারি, মন্ত্রের প্রথমাংশে সেই

প্রার্থনাই দেখিতে পাই। অর্থাৎ আমরা যেন আমাদের অভীষ্ট পূর্ণ করিবার শক্তি লাভ করি, জ্ঞান ও বিবেক যেন আমাদের পথ প্রদর্শন করেন – ইহাই প্রার্থনার ভাব।

সাধকগণ, জ্ঞানিগণ ভগবানের জয়ঘোষণা করেন। কেন? তিনি তো শাসন-কার্য্যেই ব্যাপৃত আছেন। এমন শাসকের জয়ধ্বনি কেন? মানুষ তো শাসন ইচ্ছা করে না, তবে সেই শাসকের জয়-ঘোষণার কারণ কি? মন্ত্রের একটী পদের দ্বারা সেই কারণ ব্যক্ত করা হইয়াছে। সেই পদ – 'মহামনসাং'। মানবগণ সেই বিশ্বশাসকের জয়ঘোষণা করে, কারণ তিনি মহামনা উদার-হৃদয়। সেই জন্যই তাঁহার জয়ধ্বনি উত্থিত হয়।

মন্ত্রের, যে ভাব প্রচলিত ব্যাখ্যাদিতে পাওয়া যায়, নিম্নোদ্ধৃত বঙ্গানুবাদ হইতে তাহার আভাষ পাওয়া যাইবে। বঙ্গানুবাদটী এই, – "বারিবর্ষণকারী ইন্দ্র' রাজা বরুণ আদিত্যগণ ও মরুদ্গণ ইহাদের ক্ষমতা অতি ভয়ানক। মহানুভার দেবতাগণ যখন ভুবনকে কম্পান্বিত করিয়া জয়ী হইতে লাগিলেন, তখন কোলাহল উপস্থিত হইল।" (২১অ–১৭–৩সূ–৩সা)। *

প্রথমং সাম।

(প্রথমা খণ্ডঃ। চতুর্থঃ সূক্তং। প্রথমং সাম।)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২র ৩ ২ ৩ ১ ২
উর্দ্ধষয় মঘবন্নায়ুধান্যুৎসত্বনামামকানাং মনা৺সি।

১ ২ ৩ ২ ২ ১ ২ ৩
উদ্‌বৃত্রহন্‌ বাজিনাং বাজিনান্যু-

২র ৩ ১ ২ ৩ ১ ২
দ্রথানাং জয়তাং যন্তু ঘোষঃ ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মঘবন্' (হে পরমধনবন, পরমধনদাতঃ হে দেব!) 'আয়ুধানি' (শস্ত্রানি, যদ্বা – অস্মাকং শত্রুনাশকানি প্রহরণি) শক্তিসমন্বিতানি কুরু ইত্যর্থঃ। 'মামকানাং' (অস্মদীয়ানাং) 'সত্বনাং' (লোকানাং আত্মীয়বর্গানাং) 'মনাংসি' (মনোবৃত্ত্যাদীনি) 'উৎ' (উর্দ্ধ্বম, উর্দ্ধঃ স্থাপয়, মহান্তি কুরু ইত্যর্থঃ); 'বৃত্রহন্' (পাপনাশক, অজ্ঞানতানাশক হে দেব!) 'বাজিনাং' (দ্রুতগতিসম্পন্নানাং, তীব্রসাধনসম্পন্নানাং) বাজিনানি' (সাধনাঃ) 'উৎ' (উর্দ্ধ্বম, মুক্তিপ্রাপিকাঃ কুরু ইত্যর্থং); জয়তাং' (জয়শীলানাং জয়দায়কানাং) 'রথানাং' (সৎকর্ম্মণাং)

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যাধিকশততম সূক্তের দশমী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

'ঘোষাঃ' (জয়ধ্বনয়ঃ) 'উত্তস্থু' (উদ্গচ্ছন্তু, উত্থিতাঃ ভবন্তু ইত্যর্থঃ) প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্। কৃপয়া অস্মান মহদ্বৃত্তিসম্পন্নান্ রিপুজয়সমর্থান্ কুরু। (২১ ১খ ৪সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পরমধনদাতা হে দেব! আমাদের অস্ত্র অর্থাৎ শত্রুনাশক প্রহরণসমূহ শক্তিসমন্বিত করুন; আমাদের আত্মীয়বর্গের মনোবৃত্ত্যাদি মহৎ করুন; পাপনাশক অজ্ঞানতা নাশক হে দেব! তীব্রসাধনসম্পন্নলোকসমূহের সাধনাকে মুক্তিপ্রাপিকা করুন; জয়দায়ক সৎকর্ম্মসমূহের জয়ধ্বনি উত্থিত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে মহদ্বৃত্তিসম্পন্ন রিপুজয়সমর্থ করুন।)। (২১অ—১খ—৪সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিহতশক্তিরিন্দ্রঃ। হে 'মঘবন্' ইন্দ্র! অস্মদীয়ানি 'আয়ুধানি' 'উদ্ধর্ষয়' উৎকৃষ্টং হর্ষয় প্রহরণেষু তীক্ষ্ণানি ভবন্ত্বিত্যর্থঃ। 'মামকানাং' মদীয়ানাং 'সত্বনাং' প্রাণিনাং সৈনিকানাং 'মনাংসি' চ উদ্ধর্ষয়। হে 'বৃত্রহন্' ইন্দ্র 'বাজিনাং' অশ্বানাং 'বাজিনানি' বেগাঃ 'উদ্যন্তু'। তথা 'জয়তাং রথানাং 'ঘোষাঃ' 'উৎ' যন্তু। (২১অ—১খ—৩সূ—১সা)।

* * *

প্রথম (১৮৫৫) সামের মর্ম্মার্থ।

—:•:—

আমরা প্রথমে এখানে আলোচ্য মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি, তাহা এই,—"হে ইন্দ্র! অস্ত্রশস্ত্র প্রস্তুত কর, অস্মদীয় অনুচরদিগের মন উৎসাহিত কর। হে বৃত্রবধকারী! ঘোটকদিগের বল উদ্রিক্ত হউক, জয়শীল রথের নির্ঘোষধ্বনি উত্থিত হউক।" এই ব্যাখ্যা দেখিয়া মনে হয়, কোনও যুদ্ধের প্রারম্ভে যেন কেহ সেনাপতি ইন্দ্রদেবকে উপদেশ দিতেছে অথবা অনুরোধ করিতেছে। কিন্তু সেই সেনাপতিকে কে উপদেশ দিতেছে বা অনুরোধ করিতেছে? এই অনুরোধের অর্থই কি?

এই মন্ত্রের ভাষ্যার্থ বঙ্গানুবাদ হইতে অনেকাংশে সহজবোধ্য। নিম্নে একটী হিন্দী ভাষ্যানুবাদ প্রদান করা যাইতেছে। হিন্দী অনুবাদটী এই,—"হে ইন্দ্র! হমারে আয়ুধোকো উত্তম হর্ষযুক্ত কর, হমারে সৈনিকোকে মনোকো হর্ষযুক্ত করো; হে ইন্দ্র! অশ্বোকে বেগোকো প্রকট করো বিজয়পানেওয়ালে রথোকে শব্দ প্রকট হো।"

আমাদের অস্ত্রশস্ত্র তীক্ষ্ণ করিবার জন্য অর্থাৎ আমাদের অন্তর্নিহিত রিপুনাশিকা শক্তিকে পরিবর্দ্ধিত করিবার জন্য ভগবানের নিকট উপযুক্ত প্রার্থনাই করা হইয়াছে। 'উদ্ধর্ষয়' পদের

সাধারণ অর্থ 'হর্ষযুক্ত করা'। কিন্তু অস্ত্রকে হর্ষযুক্ত করার অর্থ অস্ত্রকে শাণিত করা, তাহার রিপুনাশিকা শক্তি পরিবর্দ্ধিত করা।

মন্ত্রের প্রথম অংশে ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। সেই প্রার্থনার মূলভাব এই যে,—আমাদের রিপুনাশিকা শক্তি যেন বর্দ্ধিত হয়, আমাদের সকলের হৃদয়মন যেন পবিত্র উন্নত হয়। আমাদের ভগবৎসাধনা যেন সাফল্যমণ্ডিত হয়। দ্বিতীয় অংশের মর্ম্ম এই যে,— সৎকর্ম্মসাধনকারী সর্ব্বত্রই জয়লাভ করেন। তাই সৎকর্ম্মের মহিমা ঘোষিত হইয়াছে। (২১অ—১খ ৪সূ—১সা)। *

—•—

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। চতুর্থঃ সূক্তং। দ্বিতীয়ং সাম।)

৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
অস্মাকমিন্দ্রঃ সমৃতেষু ধ্বজে

৩ ১ ৩ ১ ২র ৩ ১ ২
ষস্মাকং যা ইষ বস্তা জয়ন্তু।

৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১
অস্মাকং বীরা উত্তরে ভবন্ত্বস্মাং

২ ৩ ১ ২
উ দেবা অবতা হবেষু ॥ ২ ॥

মন্ত্রার্থানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্রঃ' (ভগবান ইন্দ্রদেবঃ) 'অস্মাকং' 'সমৃতেষু' (পরসেনাং সম্প্রাপ্তেষু, রিপুনাশিকাসু) 'ধ্বজেষু' (সেনাসু) রক্ষকস্বরূপঃ ভবতু ইতি শেষঃ; 'অস্মাকং' 'যাঃ' (যানি) 'ইষবঃ' (রক্ষাস্ত্রাণি) 'তাঃ' (তানি) 'জয়ন্তু' (জয়ং লভন্তু); 'অস্মাকং' (প্রার্থনাকারিণাং অস্মাকং) 'বীরাঃ' (বীরসৈন্যাঃ, আত্মরক্ষাকারিণাঃ শক্তয়ঃ ইত্যর্থঃ) 'উত্তরে ভবন্তু' (উপরি ভবন্তু, জয়যুক্তাঃ ভবন্তু ইত্যর্থঃ); 'দেবাঃ' (দেবভাবাঃ) 'অস্মান উ' (অস্মান নিশ্চিতরূপেণ) 'হবেষু' (রিপুসংগ্রামেষু) 'অবত' (রক্ষত)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ।

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের একাদশী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায় ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

ভগবান্ অস্মান্ সর্ব্ববিপদাৎ রক্ষতু অস্মাকং শক্তিঃ রিপুনাশিকা ভবতু ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ ১খ—৪সূ—১সা)।

* * *

বঙ্গানুবাদ।

ভগবান্ ইন্দ্রদেব আমাদের রিপুনাশিকা সেনাতে রক্ষকস্বরূপ হউন; আমাদের যে রক্ষাস্ত্র তাহা জয়লাভ করুক; প্রার্থনাকারী আমাদের আত্মরক্ষাকারী শক্তি জয়যুক্তা হউক; দেবভাবসমূহ আমাদিগকে নিশ্চিত-রূপে রিপুসংগ্রামে রক্ষা করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদিগকে সর্ব্ববিপদ হইতে রক্ষা করুন, আমাদের শক্তি রিপুনাশিকা হউক।)। (২১অ—১খ—৪সূ—১সা)।

* *

সায়ণ ভাষ্যং।

অপ্রতিরথঋষিষ্টুবিন্দ্রঃ। 'অস্মাকং' সম্বন্ধেষ্বেব 'সমৃতেষু' পরসেনাং সম্প্রাপ্তেষু 'ধ্বজেষু' ধ্বজবৎসু সৈনিকেষু 'ইন্দ্রঃ' অবিতা ভবতু। তথা 'অস্মাকং' 'যা ইষবঃ' সন্তি 'তাঃ' এব 'জয়ন্তু' ন শত্রূণাং। তথা 'অস্মাকং' 'বীরাঃ' ভটাঃ 'উত্তরে' উপরি 'ভবন্তু'। হে 'দেবাঃ'! 'অস্মাঁ উ' অস্মানেব 'অবত' রক্ষতাং 'হবেষু' সংগ্রামেষু। (২১অ—১খ—৪সূ—২সা)।

* * *

দ্বিতীয় (১৮৫৬) সামের মর্ম্মার্থ।

মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনাটী কয়েক অংশে বিভক্ত। সকল অংশের মধ্যেই একটী ভাব সমানরূপে বর্ত্তমান আছে। সেই ভাব জয়লাভ করা। মন্ত্রের প্রথম অংশের অর্থ—ভগবান্ আমাদের সেনাসমূহের রক্ষক হউন। সেই সেনা কি এবং সেই সেনার আবশ্যকতাই বা কি? আমাদিগের চারিদিকে শত্রুকুল রহিয়াছে। সেই রিপুগণ আমাদিগকে সর্ব্বদাই বিপথে—পাপপথে পরিচালিত করিবার চেষ্টা করিতেছে। সেই প্রলোভন হইতে, পাপের সেই আকর্ষণী শক্তি হইতে আত্মরক্ষা করিবার উপযোগী কতকগুলি শক্তিও আমাদের মধ্যে আছে। কিন্তু সেই শক্তি রক্ষা করা চাই। পাপশক্তির সহিত সংগ্রামে পুণ্যশক্তিও হ্রাস-প্রাপ্ত হয়, কিন্তু তাহা যে পরিমাণে ক্ষয় পায় তাহার দ্বিগুণ পরিমাণে ভগবানের অক্ষয় ভাণ্ডার হইতে পরিপূরিত হয়। এই যে ভগবৎশক্তির আবির্ভাব—যাহা দ্বারা পাপের আক্রমণ নিবারিত হয়, তাহাকেই ভগবানের রক্ষাশক্তি বলা হইয়াছে।

শুধু তাই নয়। আমাদের মধ্যে যে শক্তি—পুণ্যশক্তি আছে, তাহা যেন জয়যুক্ত হয়। পাপের আক্রমণ যেন আমাদিগকে বিচলিত করিতে না পারে। সর্ব্ববিধ দেবভাব আমাদের জীবনে প্রাধান্যলাভ করুক। ইহাই মন্ত্রের তাৎপর্য্য।

মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদও এতৎসহ নিম্নে প্রদত্ত হইল। সেই বঙ্গানুবাদটী এই,—যখন ধ্বজা উত্তোলিত হয়, তখন ইন্দ্র আমাদিগেরই দিকে থাকেন; আমাদিগের বাণগুলি যেন জয়ী হয়; আমাদিগের বীরগণ যেন শ্রেষ্ঠ হয়; দেবতাগণ যুদ্ধে আমাদিগকে রক্ষা কর।" (২১অ—১খ—৪সূ ২সা) ॥ *

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। চতুর্থং সূক্তং। তৃতীয়ং সাম)।

৩ ১র ২র ৩ ১ ২
অসৌ যা সেনা মরুতঃ পরেষা-

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
মভ্যেতি ন ওজসা স্পৰ্দ্ধমানা।

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩
তাং গূহত তমসাপব্রতেন

২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ২
যথৈতেষামন্যো অন্যন্ন জানাৎ ॥ ৩ ॥

* * *

মৰ্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মরুতঃ' (বিবেকরূপিণঃ হে দেবাঃ!) 'যা অসৌ' (যঃ দুৰ্দ্ধর্ষঃ) 'স্পৰ্দ্ধমানা' (আক্রমণকারী) 'পরেষাং সেনা' (রিপুঃ ইত্যর্থঃ) 'ওজসা' (প্রবলশক্ত্যা) 'নঃ অভি' (অস্মান্ প্রতি, অস্মাকং অভিমুখী সন্ ইত্যর্থঃ) 'অপব্রতেন তমসা' (কৰ্ম্মনাশকেন তমোবলেন) 'গূহত' (নিবারয়ত, বিনাশয়ত); 'যথা' (যেন প্রকারেণ) 'এতেষাং' (এষাং রিপূণাং) সৰ্ব্বে 'অন্যঃ অন্যং ন জানাৎ' (পরস্পরঃ পরস্পরং ন জানাতি, আত্মবিস্মৃতাঃ ভবন্তু, শক্তিহীনাঃ ভবন্তু, ইতি ভাবঃ) তথা কুরুত ইতি শেষঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ কৃপয়া অস্মাকং রিপূন্ বিনাশয়তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—১খ—৪সূ—৩সা) ॥

এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্রাধিকশততম সূক্তের একাদশী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

বিবেকরূপী হে দেবগণ! যে দুর্দ্ধর্ষ আক্রমণকারী রিপু প্রবলশক্তির সহিত আমাদের অভিমুখী হইয়া আগমন করে, সেই রিপুকে কর্ম্মনাশক তমোবলের দ্বারা বিনাশ করুন; যে প্রকারে এই রিপুগণের সকলে শক্তিহীন হয়, সেইরূপ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ কৃপাপূর্ব্বক আমাদের রিপুগণকে বিনাশ করুন।)॥ (২১অ—১খ—৪সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ। মরুতঃ। 'অসৌ যা সেনাঃ' হে 'মরুতঃ!' 'পরেষাং' শত্রূণাং 'অভ্যেতি' অভিমুখা এতি 'নঃ' অস্মান্ প্রতি 'ওজসা' বলেন 'স্পর্দ্ধমানা', 'তাং' সেনাং 'গূহত' ব্যাপ্নুত 'তমসা' 'অপব্রতেন'। ব্রতমিতি কর্ম্মনাম (নিঘ০ ২।১।৭)। অপগত-কর্ম্মণা। যেন তমসা। ব্যাপ্তা নশ্যন্তি কর্ম্মাণি তদপব্রতং তমঃ, তেনাপব্রতেন তমসা তথা গূহত 'যথা এতেষাং' যোদ্ধা 'অন্যোন্যং ন জানাৎ' পরস্পরং ন জানাতীত্যর্থঃ॥ ৩॥

* * *

তৃতীয় (১৮৫৭) সামের মর্ম্মার্থ।

আলোচ্য মন্ত্রে মরুদ্গণকে সম্বোধন করিয়া প্রার্থনা উচ্চারিত হইয়াছে। 'মরুৎ' বলিলে আমরা বিবেকরূপী দেবতাকে লক্ষ্য করিতে পারি। বিবেকের শক্তিতেই মানুষ সৎকর্ম্মে আত্মনিয়োগ করিতে পারে, এই বিবেকের অনুপ্রেরণাতেই মানুষ সৎপথে আপনাকে পরিচালিত করে, আবার যখন ভ্রান্তির বশে কেহ পাপের পথে পদার্পণ করে, তখন এই বিবেকের তাড়নাতেই আবার সন্মার্গে প্রত্যাবর্ত্তন করে। এই বিবেক, শান্ত মানবহৃদয়ে অনন্ত ভগবানের প্রতিনিধি। এই বিবেকই মানবের প্রকৃত রক্ষক ও পরিচালক। এই বিবেকের নির্দ্দেশেই মানুষ আপাতঃমনোহর সুখের প্রলোভন পরিত্যাগ করিয়া আপাতঃ-প্রতীয়মান কঠোর সাধকজীবন গ্রহণ করিতে সমর্থ হয়। আলোচ্য মন্ত্রে রিপুর আক্রমণ ব্যর্থ করিবার জন্য সেই বিবেকশক্তির শরণ গ্রহণ করা হইয়াছে। প্রার্থনার বিশেষ মর্ম্ম এই যে,—আমাদিগকে আক্রমণকারী রিপুসমূহ যেন ধ্বংস প্রাপ্ত হয়। এই মূলভাবটী নানা আকারে মন্ত্রে বিকাশিত করিবার চেষ্টা করা হইয়াছে।

আমরা নিম্নে একটী হিন্দী অনুবাদ প্রদান করিতেছি। তাহা হইতে মন্ত্রের প্রচলিত ভাব অধিগত হইবে। অনুবাদটী এই,—"হে মরুতো জো যহ বলসে স্পর্দ্ধা করতী হুই শত্রুওকো সেনা হমারে ওরকো চঢ়কর আতী হ্যায়, উনকো জিসসে কুছ

কাম ন হো সকৈ; এ্যায়সে অন্ধকারসে ছাদো জ্যায়সে ইনসে এক দূসরে কো জান ভী ন সকৈ।" (২১অ—১খ—৪সূ—৩সা)।

—•—

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। পঞ্চমং সূক্তং। প্রথমং সাম।)

৩ ১ ২ ২ ১ ৩ ১ ২
অমীষাং চিত্তং প্রতিলোভয়ন্তী

৩ ১ ২ ৩ ১ ২
গৃহাণাঙ্গান্যপ্বে পরেহি।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১র ২র
অভি প্রেহি নির্দ্দহ হৃৎসু শোকৈ-

৩ ২ ৩ ২ ৩ ১ ২
রন্ধেনামিত্রাস্তমসা সচন্তাম্॥ ১॥

* • *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অপ্বে' (ভবব্যাধি হে ধ্বংসশক্তে!) ত্বং 'পরেহি' (পরাগচ্ছ, অস্মত্তঃ দূরং গচ্ছ); 'অমীষাং' (অস্মাকং রিপূণাং) 'চিত্তং' (মনঃ, শক্তিং ইতি ভাবঃ) 'প্রতিলোভয়ন্তী' (বিমোহয়ন্তী, বিনাশয়ন্তী সতী) তেষাং 'অঙ্গানি' (অবয়বাদীনি) 'গৃহাণ'; 'হৃৎসু' (রিপূণাং হৃদয়েষু ইত্যর্থঃ) 'অভিপ্রেহি' (অভিগচ্ছ), 'শোকৈঃ' (সর্ব্ববিধৈঃ দুঃখৈঃ) 'নির্দ্দহ' (নিঃশেষং দহ); 'অমিত্রাঃ' (রিপবঃ) 'অন্ধেন তমসা' (ঘনান্ধকারেণ, প্রলয়কর্য্যা ধ্বংসশক্ত্যা ইত্যর্থঃ) 'সচন্তাং' (সংগচ্ছন্তাং, যুক্তাঃ ভবন্তু ইতি ভাবঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং রিপবঃ নিঃশেষং ধ্বংসাঃ ভবন্তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ-১খ ৫সূ—১সা)।

* • *

বঙ্গানুবাদ।

হে ধ্বংসশক্তি! তুমি আমাদের নিকট হইতে দূরে গমন কর; আমাদের রিপুগণের শক্তি বিনাশ করিয়া তাহাদের অবয়বসমূহ গ্রহণ কর; রিপুগণের হৃদয়ে অভিগমন কর, সর্ব্ববিধ দুঃখের দ্বারা নিঃশেষে দহন কর; রিপুগণ প্রলয়ঙ্করী ধ্বংসশক্তির দ্বারা যুক্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদের রিপুগণ নিঃশেষে ধ্বংস হউক।)। (২১অ—১খ—৫সূ—১সা)।

* • *

সায়ণ-ভাষ্যং।

অপগতিরথশ্রিষ্টব্বায়ুঃ। হে 'অপ্বে' পাপাভিমানি দেবতে! 'অমীষাং' যোদ্ধৃণাং 'চিত্তং' 'প্রতিলোভয়ন্তী' বিমোহয়ন্তী সতী 'অঙ্গানি' তেষামবয়বান্ শরাদিকান্ 'গৃহাণ' স্বীকুরু। তে 'অমিত্রাঃ' অপসচ্ছন্ত্রবঃ 'অন্ধেন তমসা' 'সচন্তাং' সঙ্গচ্ছন্তাং। (২১অ—১খ—৫সূ—১সা)।

* * *

প্রথম (১৮৫৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রের মূলভাব—রিপুনাশ। মানুষ চারিদিকেই রিপুগণ কর্ত্তৃক আক্রান্ত। শত্রুগণ মানুষকে পদে পদে বিব্রত করিতেছে, সর্ব্বদাই কর্ত্তব্যসাধনে বাধা দিতেছে। তাই তাহাদের ধ্বংস সাধন না হইলে মানবের পরিত্রাণ লাভ করিবার উপায় নাই। সেই ধ্বংস সাধনের জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

মন্ত্রের সম্বোধ্যপদ—'অপ্বে'। এই পদের ঋগ্বেদীয় পাঠ 'অপে'; উভয়ের অর্থই সমান, উভয় পদই ব্যাধি, দুঃখ, ধ্বংসশক্তি প্রভৃতিকে লক্ষ্য করে। মন্ত্রে ধ্বংসশক্তিকে আহ্বান করা হইয়াছে। আমাদের নিকট হইতে ধ্বংসশক্তি দূরে গমন করুক, আমরা যেন অব্যাহত শক্তিতে আমাদের জীবনের চরম লক্ষ্য সাধনে আত্মনিয়োগ করিতে পারি। কিন্তু জীবনকে সৎপথে—সৎকার্য্যে নিয়োজিত করিতে হইলে অসৎশক্তির অপসারণ করা—ধ্বংস করা প্রয়োজন। ভগবানের কৃপা ব্যতীত তাহা সম্ভবপর নয়। তাই এই প্রার্থনা।

আমরা নিম্নে মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি, তাহা এই,—"হে অপ্বে। তুমি চলিয়া যাও; ঐ সকল শত্রুর মনকে প্রলোভিত কর; উহাদিগের শরীরে প্রবেশ কর; উহাদিগের দিকে যাও; শোকের দ্বারা উহাদিগের হৃদয়ে দাহ উৎপাদন কর; শত্রুগণ অন্ধকারময় রজনীর সহিত একত্র হউক।" (২১অ—১খ—৫সূ—১সা)। *

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। পঞ্চমং সূক্তং। দ্বিতীয়ং সাম)।

২ ৩　১২　৩ ১ ২　৩　১ ২

প্রেতা জয়তা নর ইন্দ্রো বঃ শর্ম্ম যচ্ছতু।

৩ ১　২　৩ ১ ২　৩ ১র　২র

উগ্রা বঃ সন্তু বাহবোঽনাধৃষ্যা যথাসথ॥ ২॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের দ্বাদশী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'নরঃ' (সৎকর্ম্মনেতারঃ হে মম চিত্তবৃত্তয়ঃ!) যূয়ং 'প্রেত' (প্রকৃষ্টরূপেণ গচ্ছত, ঊর্দ্ধলোকং গচ্ছত) তথা 'জয়ত' (রিপূন্ জয়ত); 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'বঃ' (যুষ্মভ্যং) 'শর্ম্ম' (পরমমঙ্গলং) 'যচ্ছতু' (প্রযচ্ছতু); 'যথা' (যেন) যূয়ং 'অনাধৃষ্যাঃ' (অপ্রতিহতাঃ) 'অসথ' (ভবথ) তেন প্রকারেণ 'বঃ' (যুষ্মাকং) 'বাহবঃ' (সাধনশক্তয়ঃ ইতি ভাবঃ) 'উগ্রাঃ' (তীব্রতেজঃসম্পন্নাঃ) 'সন্তু' (ভবন্তু)। আত্মোদ্বোধকঃ প্রার্থনামূলকশ্চ অয়ং মন্ত্রঃ। বয়ং মোক্ষাকাঙ্ক্ষিণঃ রিপুজয়িনঃ ভবেম ; ভগবান্ অস্মভ্যং পরমমঙ্গলং প্রযচ্ছতু — ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২১অ - ১খ - ৫সূ - ২সা)॥

•.•

বঙ্গানুবাদ।

সৎকর্ম্মনেতা হে আমার চিত্তবৃত্তিসমূহ! তোমরা প্রকৃষ্টরূপে গমন কর, ঊর্দ্ধলোকে গমন কর এবং রিপুজয় কর ; ভগবান্ ইন্দ্রদেব তোমাদিগকে পরমমঙ্গল প্রদান করুন ; যে প্রকারে তোমরা অপ্রতিহত হও সেই প্রকারে তোমাদের সাধনশক্তি তীব্রতেজঃসম্পন্ন হউক। (মন্ত্রটী আত্মোদ্বোধক এবং প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,— আমরা যেন মোক্ষাকাঙ্ক্ষী রিপুজয়ী হই ; ভগবান্ আমাদিগকে পরমমঙ্গল প্রদান করুন।)॥ (২১অ—১খ—৫সূ—২সা)॥

•.•

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথোহস্যর্ষিঃ ইন্দ্রো মরুতো বা। হে 'নরঃ' নেতারঃ! সংগ্রামস্য নির্ব্বোঢ়ারো যোদ্ধারঃ! 'প্রেত' প্রকর্ষেণ গচ্ছত। গত্বা চ 'জয়ত' তান্ প্রতিভটান্। তিঙ-পরত্বাৎ তিঙ তিঙঃ (৮।১।২৮) — ইতি নিঘাতাভাবঃ 'বঃ' যুষ্মাকং 'ইন্দ্রঃ' 'শর্ম্ম' সুখং 'যচ্ছতু' প্রযচ্ছতু 'বঃ' বাহবঃ 'উগ্রাঃ' উদ্গূর্ণ-বলাঃ 'সন্তু' ভবন্তু। 'অনাধৃষ্যাঃ' অন্যৈরনভিভাব্যাঃ 'যথা' যূয়ং 'অসথ' ভবিষ্যথ তথা উগ্রাঃ সন্তু বো বাহবঃ॥ (২১অ—১খ - ৫সূ—২সা)॥

•.•

দ্বিতীয় (১৮৫৯) সামের মন্ত্রার্থ।

আমরা প্রথমেই মন্ত্রের একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি তাহা এই, "হে মনুষ্যগণ! অগ্রসর হও, জয়ী হও ; ইন্দ্র তোমাদিগকে সুখী করুন। তোমরা নিজে যেমন দুর্দ্ধর্ষ তোমাদিগের বাহুও তেমনি ভয়ঙ্কর হউক।"

এখানে প্রথমেই প্রশ্ন উঠে,—কে কাহাকে এই কথা বলিতেছে? কে কাহাকে উদ্বোধিত করিতেছে? উপরোক্ত ব্যাখ্যার ভাব হইতে ইহাই উপলব্ধি হয় যে, কোন একজন বিশিষ্ট লোক যেন সমগ্র মানবজাতিকে সৎকর্ম্মশীল রিপুজয়ী হইবার জন্য প্রেরণা দিতেছেন। কিন্তু এমন ব্যক্তি কে? মন্ত্রের দ্বিতীয় অংশে আছে—"ইন্দ্র তোমাদিগকে সুখী করুন।' বক্তা যেন ইন্দ্রের কৃপার অতীত, তিনি অন্যের মঙ্গল দেখিলেই সুখী। কিন্তু বেদ-গ্রন্থাদির মর্ম্ম পর্য্যালোচনা করিলে ইহাই মনে হয় যে, উহাতে ব্যক্তিগত সাধন তত্ত্বই পরিব্যক্ত হইয়াছে। অনেক মন্ত্রের মধ্যেই যে বিশ্বজনীন উদার ভাব নিহিত আছে, তাহা আমরা লক্ষ্য করিয়াছি। কিন্তু সেই বিশ্বজনীন প্রার্থনার মধ্যে প্রার্থনাকারীর নিজের মঙ্গলও নিহিত আছে। আমরা এই স্থলে ইহাই বলিতে চাই যে, মন্ত্রটী আত্মোদ্বোধক। সাধক আপনার মনোবৃত্তিসমূহকে সম্বোধন করিয়া মন্ত্রটী উচ্চারণ করিতেছেন। অর্থাৎ সাধক নিজশক্তিকে উদ্বোধিত করিতেছেন। 'নরঃ' পদে সৎকর্ম্মাদির নেতা নিজের সুপ্রবৃত্তিসমূহকে লক্ষ্য করা হইয়াছে।

আমরা নিম্নে একটী হিন্দী অনুবাদ উদ্ধৃত করিলাম। তাহা হইতে ভাষ্যের মর্ম্ম অধিগত হইবে। হিন্দী অনুবাদটী এই,—"হে হমারে যোধাও! চড়াই করকে জাও আউর জীতো। ইন্দ্র তুম্‌কো সুখ দেয়। তুম্হারে ভুজদণ্ড উগ্র হো, জিসসে কি—তুম কিসীসে তিরস্কার ন পাও।" (২১অ-১খ-৫সূ-২সা)। *

—— ० ——

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। পঞ্চমং সূক্তং তৃতীয়ং সাম।)

৫ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অবসৃষ্টা পরা পত শরব্যে ব্রহ্মসꣳশিতে।

২ ৩ ২ ০ ১ ২ ৩
গচ্ছামিত্রান্ প্র পদ্যস্ব

২উ ৩ ২ ৩ ১ ২
মামীষাং কঞ্চনোচ্ছিষঃ॥ ৩॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ব্রহ্মসংশিতে' (মন্ত্রযুক্ত, প্রার্থনাপূত!) 'শরব্যে' (বাণ, হে রক্ষাস্ত্র!) ত্বং 'অবসৃষ্টা' (নিক্ষিপ্তঃ সন) 'পরাপতগচ্ছ' (পরা, দূরং গচ্ছ), দূরং গত্বা চ 'অমিত্রান' (রিপূন)

* এই সাম-মন্ত্রটি ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের ত্র্যধিকশততম সূক্তের ত্রয়োদশী ঋক্ (অষ্টম অষ্টক, পঞ্চম অধ্যায়, ত্রয়োবিংশ বর্গের অন্তর্গত)।

'প্রপদ্যস্ব' (প্রাপ্নুহি) ; 'অমীষাং' (রিপূণাং) 'কঞ্চন' (কং একং অপি জনং) 'মা উচ্ছিষঃ' (অবশিষ্টং মা কুরু—সর্ব্বান রিপূন সমূলং বিনাশয় ইত্যর্থঃ) । প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং সর্ব্বান্ রিপূন সমূলং বিনাশয়িতুং শক্নুয়াম-ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ-১খ—৫সূ-৩সা)॥

* * *

বঙ্গানুবাদ।

প্রার্থনাপূত হে রক্ষাস্ত্র। তুমি নিক্ষিপ্ত হইয়া দূরে গমন কর, এবং দূরে গমন করিয়া রিপুগণকে প্রাপ্ত হও ; রিপুগণের কোন একজনকেও অবশিষ্ট রাখিও না অর্থাৎ সমস্তরিপুকে সমূলে বিনাশ কর। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদিগের সকল রিপুকে সমূলে বিনাশ করিতে যেন সমর্থ হই ॥) (২১অ—১খ—৫সূ—৩সা)॥

* * *

সায়ণ ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ পায়ুর্ব্বা ভারদ্বাজঃ অনুষ্টুপ্ ছন্দঃ, ইষুর্দ্দেবতা। 'ব্রহ্মসংশিতে' মন্ত্রেণ তীক্ষ্ণীকৃতে হে 'শরব্যে' হিংসাকুশলে ! ইষো। ত্বং 'অবসৃষ্টা' ক্ষিপ্তা 'পরা পত' পরাগচ্ছ। ইতো দেশাৎ গত্বা চ 'অমিত্রান্' হিংসকান্ 'প্রপদ্যস্ব' প্রাপ্নুহি চ। 'অমীষাং' অমিত্রাণাং মধ্যে 'কঞ্চন' কঞ্চিদপি 'মা উচ্ছিষঃ' অবশিষ্টং মা কুরু ॥ (২১অ-১খ—৫সূ-৩সা)॥

* * *

তৃতীয় (১৮৬০) সামের মর্ম্মার্থ।

———:*:———

প্রচলিত মতানুসারে মন্ত্রের দেবতা 'ইষু' অর্থাৎ বাণ। বাণকে লক্ষ্য করিয়াই মন্ত্র উচ্চারিত হইয়াছে। নিম্নোদ্ধৃত বঙ্গানুবাদ হইতে প্রচলিত মতের আভাষ পাওয়া যাইবে। বঙ্গানুবাদটী এই,—"হে মন্ত্রের দ্বারা তীক্ষ্ণীকৃত, হিংসাকুশল (ইষু) ! তুমি বিসৃষ্ট হইয়া পতিত হও, গমন কর এবং অমিত্রদিগকেও প্রাপ্ত হও। তুমি অমিত্রগণের মধ্যে কাহাকে অবশিষ্ট রাখিও না।"

এই মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্ত হইতে গৃহীত। প্রচলিত মতানুসারে ঐ সমগ্র সূক্তটীই যুদ্ধের সাজসজ্জা ও তাহার বর্ণনায় পরিপূর্ণ। বর্ত্তমান মন্ত্রটী উক্ত সূক্তান্তর্গত ষোড়শী ঋক্, উহার দেবতা অর্থাৎ উদ্দিষ্ট বস্তু—'ইষু'। আধুনিক ব্যাখ্যাতাগণের মতে এই সূক্ত হইতে প্রাচীন যুগের যুদ্ধের সরঞ্জামের পরিচয় পাওয়া যায়। তাঁহারা মনে করেন যে, পরবর্ত্তীকালে পুরাণাদিতে ব্রহ্মাস্ত্র, মন্ত্রপূত অস্ত্র প্রভৃতির যে বিবরণ পাওয়া যায়, তাহার মূল ঐ মন্ত্রে নিহিত আছে। মন্ত্রের প্রথমাংশ -'শরব্যে ব্রহ্মসংশিতে' অর্থাৎ

'মন্ত্রপূত শর'। পরবর্ত্তীকালেও যুদ্ধের সময় বাণ মন্ত্রপূত করিয়া নিক্ষিপ্ত হইত। সম্ভবতঃ 'ব্রহ্মসংশিতে' পদ হইতে পুরাণের 'ব্রহ্মাস্ত্রের' সৃষ্টি হইয়াছে।

আমরা এই সকল গবেষণা গ্রহণ করিতে পারি নাই। আমরা মনে করি প্রার্থনাযুক্ত সাধনশক্তির প্রতিই ইঙ্গিত আছে। সেই শক্তি প্রভাবেই আমরা রিপুগণের কবল হইতে আত্মরক্ষা করিতে পারি। যাহাতে আমরা রিপুগণকে সমূলে বিনাশ করিতে পারি। মন্ত্রে সেই প্রার্থনাই উচ্চারিত হইয়াছে॥ (২১অ—১খ ৫৭-৩সা)।*

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। ষষ্ঠং সূক্তং। প্রথমং সাম।)

৩ ১ ২ ৩ ১র ২র ৩
কঙ্কাঃ সুপর্ণা অনু যন্ত্বেনান্

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
গৃধ্রাণামন্নমসাবস্তু সেনা।

১ ২ ৩ ২ ৩ ২ ৩
মৈষাং মোচ্যঘহারশ্চনেন্দ্র

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বয়াᳪ‌স্যেনাননুসংযন্তু সর্ব্বান্ ॥ ১ ॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'সুপর্ণাঃ' (শোভনপক্ষযুক্তাঃ, ঊর্দ্ধগতিদায়কাঃ হে দেবভাবাঃ!) 'কঙ্কাঃ' (মৃত্যুদূতাঃ) 'এনান্' (অস্মাকং বাধমানান্ রিপূন্ ইত্যর্থঃ) 'অনুযন্তু' (অনুগচ্ছন্তু, প্রাপ্নুবন্তু ইত্যর্থঃ); 'অসৌ সেনা' (অসৌ রিপুসেনা) 'গৃধ্রাণাং' (গৃধ্রনামকানাং পক্ষিবিশেষাণাং) 'অন্নং অস্তু' (ভক্ষ্যা ভবতু) রিপবঃ বিনষ্টাঃ ভবন্তু ইত্যর্থঃ; 'এষাং মা মোচি' : এতেষাং মা কশ্চিৎ মুচ্যতাং, সর্ব্বে রিপবঃ বিনশ্যন্তু ইত্যর্থঃ); 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'অঘহারঃ চ' (যঃ রিপুঃ দুর্দ্ধর্ষঃ ন ভবতি, হীনশক্তিঃ রিপুঃ অপি ইত্যর্থঃ) 'ন' (ন মুচ্যতাং, বিনষ্টঃ ভবতু); 'বয়াংসি' (শকুনয়ঃ, সাধনশক্তয়ঃ ইত্যর্থঃ) 'এনান্ সর্ব্বান্' (অস্মান্ সর্ব্বান্) 'অনুসংযন্তু' (অনুগচ্ছন্তু, প্রাপ্নুবন্তু ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং সর্ব্বে রিপবঃ বিনশ্যন্তু; বয়ং পরাশক্তিং লভেমহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—১খ—৬সূ ১সা)।

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের ষোড়শী ঋক্ (পঞ্চম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

বঙ্গানুবাদ।

ঊর্দ্ধগতিদায়ক হে দেবভাবসমূহ! মৃত্যুদূত, আমাদিগের বাধাদান-কারী রিপুগণকে প্রাপ্ত হউক; এই রিপুসেনা গৃধ্রনামক পক্ষিবিশেষের ভক্ষ্য হউক অর্থাৎ রিপুগণ বিনষ্ট হউক; ইহাদের মধ্যে কেহই যেন মুক্ত না হয়, অর্থাৎ সকল রিপু বিনষ্ট হউক; হে ভগবন্ ইন্দ্রদেব! হীনশক্তি রিপুও বিনষ্ট হউক; সাধনশক্তি আমাদিগের সকলকে প্রাপ্ত হউক। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদের সকলরিপু বিনষ্ট হউক; আমরা যেন পরাশক্তি লাভ করি।)॥ (২১অ—১খ—৬সূ—১সা) ॥

* . *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ পায়ুর্ব্বা ভারদ্বাজ', ত্রিষ্টুপ্ ছন্দঃ ইন্দ্রো দেবতা। 'কঙ্কাঃ' নাম পক্ষিণঃ ক্রব্যাদাঃ 'সুপর্ণাঃ' শোভনপতনাঃ 'অনু যন্তু' 'এতান্' শত্রূন্। 'গৃধ্রাণাং অন্নঃ' পক্ষিণাং ভক্ষভূতা 'অসৌ' 'অস্তু' সেনা। 'মা এষাং মোচি' এতেষাং মা কশ্চিৎ মুচ্যতাং। 'অঘহারশ্চনেন্দ্র' হে ইন্দ্র! যোঽপি নিতরাং পাপীয়ান্ অতিপ্রত্যবরঃ সোঽপি ন মুচ্যতাং মৃত্যোঃ। 'বয়াংস্যেনান্' বয়াংসি পক্ষিরূপাণি ক্রব্যাদাদীনি 'অনু সংযন্তু সর্ব্বান্' অনু পশ্চাৎ যন্তু সর্ব্বান্ শত্রূন্॥ (২১অ-১খ-৬সূ-১সা)॥

* . *

প্রথম (১৮৬১) সামের মর্ম্মার্থ।

আলোচ্য মন্ত্রের মূল ভাব—রিপুনাশ। ভগবানের কৃপায় আমরা যেন রিপুগণের আক্রমণ হইতে উদ্ধার লাভ করিতে পারি। ইহাই মন্ত্রের সার মর্ম্ম। প্রচলিত মতানুসারেও রিপুনাশই মন্ত্রের প্রধান ভাব। নিম্নে ভাষ্যানুসারী একটী হিন্দী অনুবাদ প্রদান করিতেছি। অনুবাদটী এই, "সুন্দর পরোওয়ালে মাংসভক্ষী পক্ষী ইন শত্রুওকে পীছে লগেঁ; যহ শত্রুসেনা গৃধ্রপক্ষিয়োকী ভোজনরূপ হো ইন শত্রুওমেসে কোই ভী ন বচে; হে ইন্দ্র! জো অধিক পাপী ন হো বহ ভী ন ছুটে পক্ষীরূপ মাংসভক্ষী রাক্ষস ইন সবোকা পীছা করেঁ।"

এখানে মন্ত্রান্তর্গত কয়েকটী পদের অর্থ সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন। 'কঙ্কাঃ' পদের ভাষ্যার্থ উক্ত নামধেয় পক্ষীবিশেষ। হিন্দী অনুবাদকার অর্থ করিয়াছেন—'মাংসভক্ষী পক্ষী'। মাংস ভক্ষণকারী পক্ষী বিশেষের দ্বারা মৃত্যুকে বুঝায়। কারণ কোন জন্তু মরিয়া গেলেই তাহার মাংস ভক্ষিত হয়। তাই 'কঙ্ক' শব্দে আমরা 'মৃত্যুদূত' অর্থ গ্রহণ করিয়াছি। বিশেষতঃ 'কঙ্ক' শব্দের আভিধানিক অর্থ 'মৃত্যু'। এই অর্থই সঙ্গত। আমরা রিপুগণের মৃত্যুকামনা করি, অর্থাৎ তাহারা যাহাতে ধ্বংস প্রাপ্ত হয়, আমরা তাহাই ইচ্ছা

করি। সুতরাং 'মৃত্যুদূত রিপুগণকে প্রাপ্ত হউক'—একথা বলার অর্থ এই যে, রিপুগণ ধ্বংসপ্রাপ্ত হউক। সমগ্র মন্ত্রের মধ্যেই এই ভাব নিহিত আছে।

মন্ত্রের শেষভাগে একটী প্রার্থনা আছে, উহার মর্ম্ম—আমরা যেন পরমশক্তিলাভ করি। রিপুনাশের সঙ্গে শক্তিলাভের ঘনিষ্ট সম্বন্ধ আছে। তাই রিপুনাশের প্রার্থনার পরেই শক্তিলাভের জন্য প্রার্থনা করা হইয়াছে। (২১অ-১খ-৬সূ—১সা)॥

———•———

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। ষষ্ঠং সূক্তং। দ্বিতীয়ং সাম)।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
অমিত্রসেনাং মঘবন্নস্মাং শত্রুয়তীমভি।
৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২
উভৌ তামিন্দ্র বৃত্রহন্নগ্নিশ্চ দহতং প্রতি॥ ২॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'মঘবন্' (পরমধনদাতঃ!) 'বৃত্রহন্' (পাপনাশক!) 'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) ত্বং 'চ' (তথা) 'অগ্নিঃ' (জ্ঞানদেবঃ) 'উভৌ' (যুবাং উভৌ) 'অস্মান্ অভি' (অস্মান্ প্রতি) 'শত্রুয়তীং' (শত্রুভাবাপন্নাং) 'তাং' (প্রসিদ্ধাং) 'অমিত্রসেনাং' (রিপুসেনাং) 'প্রতি দহতং' (নিঃশেষং ভস্মীকুরুতং)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মাকং রিপূন্ বিনাশয়—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২১অ-১খ-৬সূ—২সা)॥

* * *

বঙ্গানুবাদ।

পরমধনদাতা পাপনাশক হে ভগবন্! আপনি এবং জ্ঞানদেব আপনারা উভয়ে আমাদিগের প্রতি শত্রুভাবাপন্ন প্রসিদ্ধ রিপুসেনাকে নিঃশেষে ভস্ম করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদের রিপুগণকে বিনাশ করুন।)॥ (২১অ—১খ—৬সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ অগ্নির্ব্বা, অনুষ্টুপ্ ছন্দঃ, ইন্দ্রাগ্নীদেবতে। 'অমিত্রসেনাং' হে 'মঘবন্'! 'অস্মান্' 'শত্রুয়তীমভি' শত্রুভিঃ পরিবারিতাং 'উভৌ' 'তাং' সেনাং হে 'ইন্দ্র'! 'বৃত্রহন্'! ত্বঞ্চ 'অগ্নিশ্চ' 'প্রতি দহতং' ভস্মীকুরুতমিত্যর্থঃ। (২১অ-১খ-৬সূ-৩সা)।

* * *

দ্বিতীয় (১৮৬২) সামের মর্ম্মার্থ।

রিপুনাশের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। 'মঘবন্' 'বৃত্রহন্' এই দুইটী সম্বোধন পদ ব্যবহৃত হইয়াছে। 'বৃত্রহন্' পদের বিশেষত্ব এই যে,—এই পদের দ্বারাই প্রার্থনার ভাব অনেকপরিমাণে হৃদয়ঙ্গম করা যায়। 'বৃত্র' শব্দের অর্থ 'জ্ঞানাবরক' অর্থাৎ পাপ। সেই বৃত্রকে যিনি হনন করেন তিনিই বৃত্রহন্। সেই পাপনাশের জন্যই প্রার্থনা করা হইয়াছে। সুতরাং পাপনাশক বিভূতির উদ্বোধনই সঙ্গত। পাপই আমাদের সর্ব্বাপেক্ষা ভীষণ শত্রু, পাপের প্রলোভনেই আমরা হিতাহিত জ্ঞানশূন্য হইয়া চতুর্দ্দিকে ছুটিতে থাকি, আপাতঃমনোহর বস্তুর লোভে চিরন্তন, শাশ্বত সুন্দরকে উপেক্ষা করি, এবং সেই পাপের প্রলোভনের জন্য অধঃপতন হয়। সুতরাং মানুষের সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠতম কামনা—পাপের, মোহের, রিপুগণের কবল হইতে উদ্ধার লাভ করা। কারণ রিপুর আক্রমণ হইতে, মোহমায়ার বন্ধন হইতে উদ্ধার পাইলেই মুক্তিলাভ সম্ভবপর হয়। তাই মন্ত্রের মধ্যে প্রধান কথা—রিপুনাশ।

মানুষ শক্তিহীন, দুর্ব্বল। ভীষণরিপুকুলের আক্রমণ প্রতিরোধ করিতে পারে এমন শক্তি তাহার নাই; তাই সেই শক্তিলাভের জন্য এবং রিপুগণের ধ্বংসের জন্য মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে। (২১অ ১খ ৬সূ ২সা)॥

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। ষষ্ঠং সূক্তং। তৃতীয়ং সাম)।

১২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

যত্র বাণাঃ সম্পতন্তি কুমারা বিশিখা ইব।

১২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২

তত্র নো ব্রহ্মণস্পতিরদিতিঃ শর্ম্ম যচ্ছতু।

৩ ২ ৩ ১ ২

বিশ্বাহা শর্ম্ম যচ্ছতু॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'কুমারাঃ বিশিখাঃ ইব' (অতিবালাঃ চপলাঃ কুমারাঃ যথা ইতস্ততঃ গচ্ছন্তি তদ্বৎ) 'যত্র' (যস্মিন্ সংগ্রামে) 'বাণাঃ' (অস্ত্রাণি) 'সম্পতন্তি' (নিক্ষিপ্তাঃ ভবন্তি) 'তত্র' (তস্মিন রিপুসংগ্রামে) 'ব্রহ্মণস্পতিঃ' (স্তোত্রাণাং পাতিঃ, পরমারাধনীয়ঃ দেবঃ) 'শর্ম্ম' (পরমসুখং) 'যচ্ছতু' (প্রযচ্ছতু), 'অদিতিঃ' (অনন্তস্বরূপিণী দেবী) 'নঃ' (অস্মভ্যং)

'বিশ্বাহা' (সর্ব্বদা) 'শর্ম্ম (পরমকল্যাণং) 'যচ্ছতু' (প্রযচ্ছতু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! অস্মভ্যং রিপুজয়োৎপন্নং পরমকল্যাণং প্রদেহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ॥ (২১অ-১খ-৬সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

চপল কুমারগণ যেমন ইতস্ততঃ গমন করে সেইরূপভাবে যে সংগ্রামে অস্ত্রসমূহ নিক্ষিপ্ত হয় সেই রিপুসংগ্রামে পরমারাধনীয় দেব পরমসুখ প্রদান করুন, অনন্তস্বরূপিণী দেবী আমাদিগকে সর্ব্বদা পরমকল্যাণ প্রদান করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! আমাদিগকে রিপুজয়োৎপন্ন পরমকল্যাণ প্রদান করুন।)॥ (১২অ-১খ—৬সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ পাযুর্ভারদ্বাজঃ, পঙ্‌ক্তিশ্ছন্দঃ, ব্রহ্মণস্পতিরদিতিশ্চ দেবতা। 'যত্র' সংগ্রামে 'কুমারা বিশিখা ইব' মুণ্ডিতা ইব। 'বাণাঃ সম্পতন্তি'। 'তত্র' 'নঃ' অস্মভ্যং 'ব্রহ্মণস্পতিঃ' 'শর্ম্ম' সুখং 'বিশ্বাহা' সর্ব্বদা 'যচ্ছতু'। 'অদিতিঃ' চ সর্ব্বদা 'শর্ম্ম যচ্ছতু'। বিরুদ্ধক্রিয়াদরার্থা॥ (২১অ-১খ-৬সূ-৩সা)॥

* * *

তৃতীয় (১৮৬৩) সামের মর্ম্মার্থ।

রিপুসংগ্রামে ভগবান্ আমাদিগকে রক্ষা করুন—ইহাই মন্ত্রের প্রধান ভাব। এই ভাবটী একটী উপমার সাহায্যে পরিস্ফুট করিবার পক্ষে চেষ্টা করা হইয়াছে; কিন্তু নানা ব্যাখ্যাকার নানাভাবে অর্থ গ্রহণ করিয়াছেন। নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি; যথা,—"মুণ্ডিত কুমারগণের ন্যায় বাণসমূহ যে (যুদ্ধভূমিতে) সম্পতিত হয়, তথায় ব্রহ্মণস্পতি আমাদিগকে সর্ব্বদা সুখ দান করুন। অদিতি সুখ দান করুন।" "কুমারাঃ বিশিখাঃ ইব" উপমার অর্থ সম্বন্ধে যত বিতণ্ডার সৃষ্টি হইয়াছে। ভাষ্যকার প্রকৃতপক্ষে কোন ব্যাখ্যা দেন নাই, অনুবাদকারও তাঁহার দৃষ্টান্ত অনুসরণ করিয়াছেন। সুতরাং ভাষ্যে এবং অনুবাদে এই অংশ মোটেই স্পষ্ট হয় নাই। ৺সত্যব্রত সামশ্রমী মহাশয় এই অংশের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা এখানে উদ্ধৃত হইল,—"কুমারাঃ বিশিখাঃ ইব - বিগতা শিখা যেষাং তে বিশিখাঃ শিখারহিতা মুণ্ডিতমুণ্ডা বিকীর্ণকবচা বা অতিবালাশ্চপলাঃ সন্তো যথা ইতস্ততঃ গচ্ছন্তি তদ্বৎ।" অর্থাৎ অতিশিশু বালকগণ যেমন ইতস্ততঃ ছুটাছুটি করিয়া বেড়ায়, তাহাদের

গতির বা লক্ষ্যস্থানের কোন স্থিরতা থাকে না তেমনিভাবে যে যুদ্ধক্ষেত্রে অনবরত অস্ত্র-শস্ত্রাদি পতিত হইতেছে, অর্থাৎ যে যুদ্ধক্ষেত্র অতিশয় বিপদসঙ্কুল ও ভয়ানক সেই যুদ্ধক্ষেত্রে ভগবান আমাদিগকে যেন পরম মঙ্গল প্রদান করেন, মন্ত্রে সেই প্রার্থনাই করা হইয়াছে। এরূপ যুদ্ধক্ষেত্রে কিরূপে মঙ্গলাশা করা যাইতে পারে? একমাত্র উপায়—জয়লাভের দ্বারা। রিপুসংগ্রামে জয়লাভ করিলে, রিপুগণ পদানত হইলে মানুষ পরাশান্তির অধিকারী হইতে সমর্থ হয়। তাই মন্ত্রে সেইজন্যই প্রার্থনা পরিদৃষ্ট হয়॥ (২১অ—১৪খ—৬সূ—৩সা)। *

— - • —

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। সপ্তমং সূক্তং। প্রথমং সাম)।

২উ ৩ ১র ২র ৩ ২ ৩ ২ ৩ ১ ২
বি রক্ষো বি মৃধো জহি বি বৃত্রস্য হনূ রুজ।

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
বি মন্যুমিন্দ্র বৃত্রহন্নমিত্রস্যাভিদাসতঃ ॥ ১॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (হে ভগবন্ ইন্দ্রদেব!) 'রক্ষঃ' (রাক্ষসজাতঃ, অসুরাদীন্) 'বিজহি' (বিনাশয়); 'মৃধঃ' (রিপূন্) 'বি' (বিনাশয়); 'বৃত্রস্য হনূ বিরুজ' (জ্ঞানাবরকস্য অসুরস্য কপোলপ্রান্তৌ ভগ্নৌ কুরু, তং বিনাশয় ইত্যর্থঃ); 'বৃত্রহন্' (পাপনাশক হে দেব!) 'অভিদাসতঃ' (অস্মানুপক্ষয়তঃ, অস্মাকং অনিষ্টকারিণঃ) 'অমিত্রস্য' (শত্রোঃ) 'বিমন্যুং' (ক্রোধং অপি, শক্তিং অপি) বিনাশয় ইতি শেষঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! অস্মাকং সর্ব্বান্ রিপূন্ সমূলং বিনাশয়—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ-১৪খ—৭সূ ১সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্ ইন্দ্রদেব! অসুরাদিকে বিনাশ করুন; রিপুদিগকে বিনাশ করুন; জ্ঞানাবরক অসুরের কপোলপ্রান্ত ভগ্ন করুন। অর্থাৎ তাহাকে বিনাশ করুন; পাপনাশক হে দেব! আমাদের অনিষ্টকারী শত্রুর শক্তিও বিনাশ করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের সপ্তদশী ঋক্ (পঞ্চম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

ভাব এই যে,—হে ভগবন্! আমাদের সকল রিপুকে সমূলে বিনাশ করুন।)। (২১অ—১খ—৭সূ—১সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথ ঋষিঃ শাসো ভারদ্বাজো বা, অনুষ্টুপ্ ছন্দঃ, ইন্দ্রো দেবতা। হে 'ইন্দ্র!' 'রক্ষঃ' রাক্ষস-জাতং 'বিজহি' বিনাশয়। 'মৃধঃ' সংগ্রাম-কারিণঃ শত্রূংশ্চ 'বি' জহি। 'বৃত্রস্য' আবরকস্যাসুরস্য 'হনূ' কপোলপ্রান্তৌ 'বিরুজ' বিশেষেণ ভগ্নৌ কুরু। হে 'বৃত্রহন্ ইন্দ্র!' 'অভি দাসতঃ' অস্মানুপক্ষপয়তঃ 'অমিত্রস্য' শত্রোঃ 'বিমন্যুং' ক্রোধমপি বিনাশয়॥ ১॥

* * *

প্রথম (১৮৬৪) সামের মর্ম্মার্থ।

——:•:——

আলোচ্য মন্ত্রটীতে রিপুনাশের জন্য প্রার্থনা করা হইয়াছে। মন্ত্রের প্রথম অংশ,—'রক্ষঃ বিজহি'—রাক্ষসাদিকে বিশেষরূপে বিনষ্ট করুন। এই রাক্ষস কাহারা? পুরাণাদিতে আমরা রাক্ষস প্রভৃতি জীবের যে বর্ণনা পাই, ইহারা কি তাহারা? বেদ হইতেই পুরাণাদিতে রাক্ষসাদির বর্ণনা গৃহীত হইয়াছে সত্য, কিন্তু সহসা এই উভয়ের মধ্যে একত্ব প্রতিষ্ঠা করা সহজ নয়। আপাতঃদৃষ্টিতে মনে হয় যে, পুরাণাদিতে রাক্ষসাদির যে বর্ণনা আছে, তাহারা রক্তমাংসের জীব, কেবল কুপ্রবৃত্তির অধীন,—অন্য জীবেরসঙ্গে তাহাদের এই মাত্র প্রভেদ। বাস্তবিকপক্ষে রাক্ষস প্রভৃতি কোন বিশেষ জীব নহে। মায়া-মোহ পাপ প্রভৃতি মানবের চিরন্তন শত্রুসমূহকেই রাক্ষস অসুর প্রভৃতি বলিয়া বর্ণনা করা হইয়াছে। বেদের মধ্যেও আমরা রাক্ষসাদির যে পরিচয় পাই, তাহারা নরমাংসভোজী শরীরধারী কোন জীব নহে। আমাদের অন্তরস্থিত রিপুগণই সর্ব্বাপেক্ষা ভীষণ রাক্ষস, তাহারাই আমাদের সমস্ত শক্তি ও সদ্বৃত্তিকে গ্রাস করে। সেই রাক্ষস নিধনের জন্যই মন্ত্রে প্রার্থনা করা হইয়াছে।

পরের অংশে বলা হইয়াছে—'বৃত্রস্য হনূ বিরুজ'—বৃত্রের মুখ ভাঙ্গিয়া দাও। 'বৃত্র' বলিতে জ্ঞানাবরক অসুরকে বুঝায়, তাহা পূর্ব্বে অনেকস্থলে আলোচনা করিয়াছি। সেই বৃত্রের চোয়াল ভাঙ্গিয়া দেওয়ার অর্থ—তাহার শক্তি নাশ করা, তাহাকে ধ্বংস করা। সমগ্র মন্ত্রেই একই ভাব প্রকাশিত হইয়াছে। প্রচলিত অর্থও এই ভাব সমর্থন করে। নিম্নে একটী বঙ্গানুবাদ প্রদত্ত হইল, তাহা হইতেই প্রচলিত মত উপলব্ধি হইবে। অনুবাদটী এই, "হে বৃত্র-সংহারী ইন্দ্র! রাক্ষসকে ও শত্রুদিগকে বধ কর; বৃত্রের দুই হনূ ভঙ্গ করিয়া দাও। অনিষ্টকারী বিপক্ষের ক্রোধকে নিষ্ফল কর। (২১অ ১খ ৭দ ১সা)॥*

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের দ্বিপঞ্চাশদধিকশততম সূক্তের তৃতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)।

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। সপ্তমং সূক্তং। দ্বিতীয়ং সাম।)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বি ন ইন্দ্র মৃধো জহি নীচা যচ্ছ পৃতন্যতঃ।
২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
যো অস্মাঁ, অভিদাসত্যধরং গাময়া তমঃ॥ ২ ॥

* . *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (বলাধিপতে হে দেব!) 'নঃ' (অস্মাকং) 'মৃধঃ' (রিপূন) 'বিজহি' (বিশেষেণ জয়ং কুরু); 'পৃতন্যতঃ' (সংগ্রামকারিণঃ অস্মাকং শত্রূন) 'নীচা যচ্ছ'। অবাঙ্মুখং গময়, বিনাশয় ইত্যর্থঃ); 'যঃ' (যঃ শত্রুঃ) 'অস্মান' 'অভিদাসতি' (অভিতঃ উপক্ষপয়তি, বিনাশয়িতুং ইচ্ছতি) তং শত্রুং 'অধরং তমঃ' (নিকৃষ্টং অন্ধকারং, মরণলক্ষণং, মৃত্যুং, চিরবিনাশং) 'গময়' (প্রাপয়)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মাকং সর্ব্বান্ রিপূন বিনাশয় - ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ - ১খ - ৭সূ - ২সা)।

* . *

বঙ্গানুবাদ।

বলাধিপতি হে দেব! আমাদের রিপুগণকে বিশেষরূপে জয় করুন; সংগ্রামকারী আমাদের শত্রুকে বিনাশ করুন; যে শত্রু আমাদিগকে বিনাশ করিতে ইচ্ছা করে সেই শত্রুকে চিরবিনাশ প্রাপ্ত করান। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগের সর্ব্বরিপু বিনাশ করুন।)॥ (২১অ—১খ—৭সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ, ইন্দ্রো দেবতা। হে 'ইন্দ্র'! 'নঃ' অস্মাকং 'মৃধঃ' সংগ্রাম-কারিণঃ শত্রূন 'বিজহি' বিনাশয়। তথা 'পৃতন্যতঃ' পৃতনাঃ সেনা আত্মন ইচ্ছতঃ যুযুৎসমানানপি 'নীচা যচ্ছ' নীচীনমবাঙ্মুখং যচ্ছ গময়। 'যঃ' শত্রুঃ 'অস্মান্' 'অভিদাসতি' অভিতঃ উপক্ষপয়তি, তং 'অধরং' নিকৃষ্টং 'তমঃ' অন্ধকারং মরণলক্ষণং 'গময়' প্রাপয়॥ (২১অ—১খ—৭সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (১৮৬৫) সামের মর্ম্মার্থ।

বর্ত্তমান মন্ত্রটীও তৎপূর্ব্বমন্ত্রের ন্যায় প্রার্থনামূলক এবং উভয় মন্ত্রের ভাবও প্রায় একরূপ। উভয় মন্ত্রেই রিপুবিনাশের জন্য ভগবানের নিকট প্রার্থনা করা হইয়াছে। মানুষ চারিদিকে রিপুগণ কর্ত্তৃক আক্রান্ত; তাহাদের আক্রমণের জন্য, তাহাদের দ্বারা উপস্থাপিত প্রতিবন্ধকের জন্যই মানুষ মোক্ষমার্গে অগ্রসর হইতে পারে না। মোহ মানুষকে বিভ্রান্ত করে, মায়াজাল তাহাকে আবদ্ধ করে। তাই সৎ সঙ্কল্প লইয়া কার্য্যে প্রবৃত্ত হইলেও মানুষ রিপুগণের জন্য তাহা সম্পন্ন করিতে পারে না। কারণ দুর্ব্বল মানুষ অমিতবলশালী রিপুগণের সঙ্গে যুদ্ধে পরাজিত হয়। কিন্তু দুর্ব্বলের বল ভগবান্। তিনিই মানুষকে সর্ব্ববিধ বিপদ হইতে উদ্ধার করেন, তাই তাঁহারই চরণে প্রার্থনা করা হইতেছে,—"হে দয়াল প্রভো! আমরা দুর্ব্বল, হীনশক্তি, চারিদিকে ভীষণ রিপুগণ আমাদিগকে আক্রমণ করিয়াছে, আমাদের এমন শক্তি নাই যে, তাহাদের আক্রমণ প্রতিহত করি। হে দুর্ব্বলের বল! বিপদের রক্ষক! একবার দয়া করিয়া আমাদিগকে রিপুকবল হইতে উদ্ধার করুন, রিপুগণকে চিরদিনের জন্য বিনাশ করুন।"

মন্ত্রের যে সকল ব্যাখ্যা প্রচলিত আছে, তাহাদের মধ্যেও এই ভাবই ফুটিয়া উঠিয়াছে। উদাহরণস্বরূপ নিম্নে একটী প্রচলিত বঙ্গানুবাদ প্রদান করিতেছি, তাহা এই,—"হে ইন্দ্র আমাদিগের শত্রুদিগকে বধ কর; যুদ্ধাভিলাষী বিপক্ষদিগকে হীনবল কর। যে আমাদের মন্দ করে তাহাকে অনন্ত অন্ধকারে নিমগ্ন কর।" (২১অ—১খ—৭সূ—২সা)॥

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। সপ্তমং সূক্তং। তৃতীয়ং সাম)।

১ ২ ৩ ১র ২র ৩ ১ ২
ইন্দ্রস্য বাহূ স্থবিরৌ যুবানা

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
বনাধৃষ্যৌ সুপ্রতীকাবসহ্যৌ।

১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩
তৌ যুঞ্জীত প্রথমৌ যোগ আগতে

১ ২ ৩ ১র ২র ৩ ৩ ২ ৩ ২
যাভ্যাং জিতমসুরাণাং সহো মহৎ॥ ৩॥

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতায় দশম মণ্ডলের দ্বিপঞ্চাশদধিকশততম সূক্তের সপ্তমী ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, দশম বর্গের অন্তর্গত)।

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে মম মনোবৃত্তয়ঃ! 'ইন্দ্রস্য' (ভগবতঃ ইন্দ্রদেবস্য) 'যাভ্যাং' (যাভ্যাং বাহুভ্যাং) 'অসুরাণাং' (রিপূণাং) 'মহৎ সহঃ' (ভীষণং বলং) 'জিতং' 'স্থবিরৌ' (সুদৃঢ়ৌ) 'যুবানৌ' (নিত্যতরুণৌ) 'অনাধৃষ্যৌ' (অপ্রতিহতবলৌ) 'সুপ্রতীকৌ' (শোভনপ্রতীকৌ, সুমনোহরৌ) 'অসহ্যৌ' (শত্রুভিঃ অসহনীয়ৌ) 'তৌ বাহূ' (প্রসিদ্ধৌ তৌ বাহূ) যূয়ং 'যোগে আগতে' (সংগ্রামকালে ইত্যর্থঃ) 'প্রথমে' (সর্ব্বাগ্রে) 'যুঞ্জীত' (যোজয়ত)। আত্মোদ্বোধকঃ অয়ং মন্ত্রঃ। বয়ং সর্ব্বকর্ম্মণি ভগবতঃ সাহায্যং প্রার্থয়াম—ইতি ভাবঃ। (২১অ-১থ ৭সূ-৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে আমার মনোবৃত্তিসমূহ! ভগবান্ ইন্দ্রদেবের যে বাহুদ্বয় দ্বারা রিপুগণের ভীষণ বল জয় করা হয়, সুদৃঢ় নিত্যতরুণ অপ্রতিহতবল সুমনোহর শত্রুকর্ত্তৃক অসহনীয় প্রসিদ্ধ সেই বাহুদ্বয়কে তোমরা সংগ্রামকালে সর্ব্বাগ্রে যোজনা কর। (মন্ত্রটী আত্মোদ্বোধক। ভাব এই যে,—আমরা যেন সর্ব্বকর্ম্মে ভগবানের সাহায্য প্রার্থনা করি।)॥ (২১অ—১থ—৭সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ, ইন্দ্রো দেবতা, বিরাট্‌জগতীচ্ছন্দঃ। 'ইন্দ্রস্য বাহূ' 'স্থবিরৌ' স্থিররূপৌ। অথবা স্থবিরৌ স্থূলৌ। 'যুবানৌ' অজরৌ ন গ্রসিতৌ, 'অনাধৃষ্যৌ' ন কেনচিদ্ধৃতে, 'সুপ্রতীকৌ' স্বাকৃতী হস্তি-করাকারৌ, 'অসহ্যৌ' ন কশ্চিৎ সোঢ়ুং শক্তৌ, 'তৌ যুঞ্জীত, প্রথমে যোগে আগতে' যোগে সংগ্রামে যত্র নিযুজ্যন্তে বাহবঃ, 'যাভ্যাং' 'জিতং' 'অসুরাণাং' স্বভূতং 'সহঃ' বলং 'মহৎ'। (২১অ-১থ ৭সূ-৩সা)।

* * *

তৃতীয় (১৮৬৬) সামের মর্ম্মার্থ।

মানুষকে অনবরতই বিরুদ্ধশক্তির সহিত সংগ্রাম করিতে হয় এবং হইতেছে। সংগ্রাম ব্যতীত অগ্রসর হইবার উপায় নাই। এই বিরুদ্ধশক্তির সহিত যুদ্ধ করিয়া যিনি জয়লাভ করিতে পারেন, তিনিই উন্নতি করিতে সমর্থ হয়েন। প্রাত্যহিক সাংসারিক জীবনে যেমন এই কথা সত্য, ঠিক তেমনিভাবে পারমার্থিক জীবনেও সত্য, বরং ধর্ম্মজীবনে রিপুসংগ্রামে আরও তীব্রতর হয়। মানুষকে প্রতিপদে বাধা অতিক্রম করিয়া অগ্রসর হইতে হয়। নতুবা অগ্রসর হইবার উপায় নাই।

কিন্তু ক্ষুদ্র মানবের কতটুকুশক্তি আছে যে, সে ভীষণ রিপুগণের সহিত সংগ্রামে জয়লাভ করিতে সমর্থ হইবে? তাহার দুর্ব্বল বাহু সামান্য ভারেই অবনত হইয়া পড়ে, তাই পরমশক্তিশালী ভগবানের বিশাল বাহুর আশ্রয়লাভের আকাঙ্ক্ষা প্রকাশিত হইয়াছে। আমরা যেন শক্তিলাভের জন্য, রিপুজয়ের জন্য ভগবানের শরণাপন্ন হই, তদনুরূপ মনোবৃত্তি যেন আমাদের মধ্যে উৎপন্ন হয়—ইহাই মন্ত্রের বিশেষ ভাব, সেই জন্যই সাধক, আপনাকে উদ্বোধিত করিতেছেন। অবশ্য বাহু বলিতে হাতদুখানিই বুঝাইতেছে না, বাহুর মালিক সেই পরমদেবতাকেই লক্ষ্য করিতেছে। কিন্তু 'বাহু' দুইখানি কেমন? 'যাভ্যাং অসুরাণাং মহৎ সহঃ জিতং' যে বাহুদ্বয়ের দ্বারা অসুরগণের মহৎ বল জয় করা হয়, অর্থাৎ সেই বাহু শত্রুজয়ে সিদ্ধহস্ত। আমরাও শত্রুজয় চাই। তাই শত্রুর নাশকারী সেই পরমশক্তিশালী হস্তের আশ্রয় যেন গ্রহণ করিতে পারি ইহাই মন্ত্রের মর্ম্মার্থ। (২১অ—১খ—৭সূ—৩সা)॥

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। অষ্টমং সূক্তং। প্রথমং সাম।)

১ ২　　৩　২ ৩　　৩
মর্ম্মাণি তে বর্ম্মণা ছাদয়ামি

৩ ২ ৩　২ ৩ ২ ৩ ১ ২
সোমস্ত্বা রাজামৃতেনানু বস্তাম্।

৩ ১র ২র ৩　১ ২　　৩
উরোর্ব্বরীয়ো বরুণস্তে কৃণোতু

১ ২ ৩　১ ২　৩ ১　২
জয়ন্তং ত্বানু দেবা মদন্তু ॥ ১ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে দেব! 'তে' (তব) 'বর্ম্মণা' (রক্ষাশক্ত্যা ইত্যর্থঃ) 'মর্ম্মাণি' (মম মর্ম্মস্থানানি, প্রাণকেন্দ্রাণি ইত্যর্থঃ) 'ছাদয়ামি' (সমাচ্ছাদয়ানি); হে মম মনঃ! 'রাজা সোমঃ' (লোকাধিপতিঃ শুদ্ধসত্ত্বঃ) 'ত্বা' (ত্বাং) 'অমৃতেন' 'অনুবস্তাং' (আচ্ছাদয়তু); 'বরুণঃ' (করুণাপরায়ণঃ দেবঃ) 'তে' (তব) 'উরোর্ব্বরীয়ঃ' (উরুতুল্যাৎ সুখাৎ, মহৎ সুখং ইত্যর্থঃ) 'কৃণোতু' (সম্পাদয়তু); 'দেবাঃ' (দেবভাবাঃ) 'জয়ন্তং' (জয়েচ্ছুকং) 'ত্বা' (ত্বাং) 'অনুমদন্তু' (অনুহর্ষয়ন্তু, পরিগৃহ্ণন্তু ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। হে ভগবন্! কৃপয়া অস্মান্ সর্ব্ববিপদাৎ উদ্ধারয়; অস্মভ্যং পরমসুখং চ প্রদেহি—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—৪খ—৮সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

হে দেব! আপনার রক্ষাশক্তির দ্বারা আমার মর্ম্মস্থানসমূহ (অর্থাৎ প্রাণকেন্দ্রসমূহ) যেন সমাচ্ছাদিত করিতে পারি; হে আমার মন! লোকাধিপতি শুদ্ধসত্ত্ব তোমাকে অমৃতের দ্বারা আচ্ছাদিত করুন; করুণাপরায়ণ দেব তোমার মহৎ সুখ সম্পাদন করুন; দেবভাবসমূহ জয়েচ্ছু তোমাকে আনন্দিত করুন—পরিগ্রহণ করুন। (মন্ত্রটী প্রার্থনা-মূলক। প্রার্থনার ভাব এই যে,—হে ভগবন্! কৃপাপূর্ব্বক আমাদিগকে সর্ব্ববিপদ হইতে উদ্ধার করুন, এবং আমাদিগকে পরমসুখ প্রদান করুন।)॥ (২১অ—১খ—৮সূ—১সা) ॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ, পায়ুর্ব্বা ভারদ্বাজঃ; ত্রিষ্টুপ্ ছন্দঃ, সোমো দেবতা বরুণশ্চ দেবতা। হে রাজন্! 'তে' ত্বদীয়ানি 'মর্ম্মাণি'। যেষু স্থানেষু বিদ্ধঃ সন্তো ম্রিয়তে, তানি মর্ম্মাণি) 'বর্ম্মণা' কবচেন ছাদয়ামি 'সোমঃ রাজা' 'ত্বা' ত্বাং 'অনু' ছাদনানন্তরং 'অমৃতেন' 'বস্তাং' আচ্ছাদয়ন্তু। 'বরুণঃ' অপি 'তে' তুভ্যং 'উরোর্ব্বরীয়ঃ' উরু-তুল্যং সুখং 'কৃণোতু' করোতু। 'জয়ন্তং' 'ত্বা' ত্বাং 'দেবাঃ' সর্ব্বেঽপি 'অনু মদন্তু' অনুহৃষ্যন্তু ॥ (২১অ—১খ—৮সূ—১সা) ॥

* * *

প্রথম (১৮৬৭) সামের মর্ম্মার্থ।

আলোচ্য মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের অষ্টাদশী ঋক্। ঋগ্বেদে উক্ত মন্ত্র সম্বন্ধে এইরূপ উল্লেখ আছে—সোম বরুণ ও কবচ অর্থাৎ বর্ম্মদেবতা। তাহার এইরূপ ব্যাখ্যা প্রচলিত আছে,—"তোমার মর্ম্মস্থানসমূহ বর্ম্মদ্বারা আচ্ছাদিত করিব; অনন্তর সোম রাজা তোমাকে অমৃত দ্বারা আচ্ছাদন করুন। বরুণ তোমাকে শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ (সুখ) দান করুন; তুমি জয়ী হইলে দেবগণ হৃষ্ট হউন।"

এই ব্যাখ্যা হইতে ইহাই স্পষ্ট হইতেছে যে, কেহ যেন অন্য কাহারও শরীরে বর্ম্ম পরাইয়া দিতে দিতে এই মন্ত্র পাঠ করিতেছি। প্রচলিত মতও এই ভাবের অনুকূল। একজন ব্যাখ্যাকার ঋগ্বেদীয় মূল সূক্তটীর টীকায় লিখিয়াছেন—"যুদ্ধ যাত্রাকালে রাজাকে বর্ম্মাদি পরিধান করাইবার সময় এই সূক্তোক্ত ঋকগুলি উচ্চারণ করিতে হয়। এই সূক্ত হইতে যুদ্ধের অস্ত্রশস্ত্র ও আয়োজন দ্রব্যসমূহের পরিচয় পাওয়া যায়।" এই দিক হইতেই মন্ত্রের প্রচলিত অর্থ গ্রহণ করা হইয়াছে। অর্থাৎ রাজার যুদ্ধযাত্রার প্রাক্কালে তাঁহার অনুচর যেন তাঁহাকে বর্ম্ম পরাইতেছে এবং মন্ত্রপাঠ করিতেছে। পৌরাণিক সাহিত্যে আমরা এই ভাবই প্রতিফলিত দেখি।

কিন্তু আমাদের ব্যাখ্যা ভিন্নপথ অবলম্বন করিয়াছে। আমাদের ধারণা, এখানে যে মর্ম্ম ও মর্ম্মের আলোচনা করা হইয়াছে, তাহাতে জড় কোন মন্ত্রর সংস্রব নাই। ভগবানের যে পরম মঙ্গলশক্তি আমাদিগকে ঘিরিয়া আছে, যে শক্তির প্রভাবে আমরা রিপুসঙ্কুল এই জগতে বাঁচিয়া আছি, মোক্ষমার্গে অগ্রসর হইবার সুযোগ পাইতেছি, তাহাকেই আমরা প্রকৃত বর্ম্ম-বলিয়া মনে করি। 'মর্ম্ম' বলিতে প্রাণ-কেন্দ্রকেই বুঝায়, যে শক্তিকেন্দ্রে আঘাত লাগিলে, যাহা বিনষ্ট হইলে, মানুষের মৃত্যু অধঃপতন অবশ্যম্ভাবী। অন্যান্য পদের অর্থ আমাদের মর্ম্মানুসারিণী ব্যাখ্যাদৃষ্টেই পরিস্ফুট হইবে। (২১অ—১খ—৮সূ ১সা)॥ *

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। অষ্টমং সূক্তং। দ্বিতীয়ং সাম)।

৩ ১　　২　　　　　　৩ ১ ২

অন্ধা অমিত্রা ভবতাশীর্ষাণোঽহয় ইব।

১ ২　　　৩ ১২　৩ ১ ২　　৩ ১২

তেষাং বো অগ্নিমূঢ়ানামিন্দ্রো হন্তু বরং বরম্ ॥ ২ ॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'অমিত্রাঃ' (হে রিপবঃ) 'অশীর্ষাণঃ অহয়ঃ ইব', মস্তকহীনাঃ সর্পাঃ ইব, বিষশূন্যাঃ সর্পাঃ যথা অনিষ্টং কর্ত্তুং ন শক্নুবন্তি, তদ্বৎ) যূয়ং 'অন্ধাঃ ভবত' (অনিষ্টকারিণঃ ভবেত, অনিষ্টং মা কুর্য্যাৎ, অনিষ্টং সাধয়িতুং অসমর্থাঃ ভবেত) ; 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'তেষাং' (প্রসিদ্ধানাং, দুর্দ্ধর্ষাণাং দেবানাং) 'অগ্নিমূঢ়ানাং' (অগ্নিবৎদাহকারিণাং) 'বঃ' (যুষ্মাকং) 'বরং বরং' (শ্রেষ্ঠান্, নেতৃস্থানীয়ান সর্ব্বান্, 'হন্তু' (বিনাশয়তু)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। অস্মাকং সর্ব্বে রিপবঃ বিনষ্টাঃ ভবন্তু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২০অ-১খ ৮সূ ২সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে রিপুগণ! বিষশূন্য সর্প যেমন অনিষ্ট করিতে পারে না সেইরূপ-ভাবে তোমরা অনিষ্ট সাধন করিতে অসমর্থ হও; ভগবান্ ইন্দ্রদেব দুর্দ্ধর্ষ অগ্নিবৎদাহকারী তোমাদের নেতৃস্থানীয় সকলকে বিনাশ করুন (মন্ত্রটী

---

* এই সাম মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের অষ্টাদশী ঋক্ (পঞ্চম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—আমাদের সকল রিপু বিনষ্ট হউক।)॥ (২১অ—১খ—৮সূ—২সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ, অনুষ্টুপ্ ছন্দঃ, চন্দ্রো দেবতা। হে 'অমিত্রাঃ' শত্রবঃ। যূয়ং 'অন্ধাভবত'। কীদৃশা অন্ধাঃ? 'অশীর্ষাণঃ অহয় ইব' যথা সর্পাঃ শীর্ষচ্ছিন্না, অকিঞ্চিৎকরাঃ ভবন্তি তথা ভবত। 'তেষাং' 'বঃ' 'অগ্নিমূঢ়ানাং' অগ্নি-দগ্ধানাং শত্রূণাং 'ইন্দ্রঃ হন্তু বরং বরং' যো যো বরিষ্ঠস্তং তং হন্তু নাশয়তু। (২১অ—১খ—৮সূ—২সা)॥

* * *

দ্বিতীয় (১৮৬৮) সামের মর্ম্মার্থ।

মন্ত্রের মূলভাব—আমরা যেন রিপুবিনাশে সমর্থ হই, ভগবানের কৃপায় যেন আমাদের শত্রুকুল ধ্বংস প্রাপ্ত হয়। এই ভাবই একটা অভিনব উপায়ে প্রকাশিত করা হইয়াছে। মন্ত্রে রিপুকেই সম্বোধন করা হইয়াছে। তাহার ভাব-রিপুগণ শক্তিহীন হউক, তাঁহারা ধ্বংসপ্রাপ্ত হউক; অর্থাৎ শত্রুদিগকে যেন অভিশাপ দেওয়া হইয়াছে-তোমরা ধ্বংস হও, তোমরা শক্তিহীন হও। কিরূপ শক্তিহীন? মস্তকহীন সর্পের মত, অর্থাৎ বিষহীন সর্প যেমন মানবের কোন অনিষ্ট করিতে পারে না, ঠিক সেইরূপভাবে শক্তিহীন রিপুকুলও মানবের কোন অনিষ্ট করিতে পারে না। এই উপমাতে দুইটী বিষয় লক্ষ্য করিবার আছে। প্রথম বিষয়—মস্তকহীন; মস্তক না থাকিলে কোন প্রাণী বাঁচিয়া থাকিতে পারে না। সুতরাং মস্তকহীন বলায় একদিকে প্রকারান্তরে প্রাণহীন বলা হইয়াছে। অবশ্য বহির্জগতের দিক হইতে বিষের মধ্যেই, সর্পের সর্পত্ব, সুতরাং প্রাণহীন ও বিষহীন একার্থে প্রযুক্ত হইতে পারে। দ্বিতীয় বিষয় এই যে, উপমাতে সর্পের সহিত রিপুগণের তুলনা করা হইয়াছে। ইহা বিশেষভাবে প্রণিধানযোগ্য। রিপুগণ সর্পের ন্যায়ই ক্রূর, সর্পের ন্যায়ই সাংঘাতিক জীব, সর্পের ন্যায়ই প্রাণহন্তারক; বরং সর্প এই জড় দেহ নষ্ট করে, রিপুগণ মানুষের আত্মাকে নষ্ট করে। সুতরাং এই উপমা অতিশয় সঙ্গত হইয়াছে। মন্ত্রের অন্যান্য অংশ মর্ম্মানুসারিণী ব্যাখ্যাতেই পরিস্ফুট হইয়াছে।

ভাষ্যের সহিত আমাদের ব্যাখ্যা তুলনা করিবার জন্য নিম্নে ভাষ্যানুসারী একটী হিন্দী ব্যাখ্যা প্রদান করা হইল; যথা,—"হে শত্রুওঁ! তুম শির কটেহুএ সর্পোকী সমান অন্ধে হোজাও উন অগ্নিকে ভস্মীভূত কিয়েহুএ তুম শত্রুওঁমেঁসে শ্রেষ্ঠ শ্রেষ্ঠকো ইন্দ্র নষ্ট করৈ"॥ (২১অ—১খ—৮সূ—২সা)॥

—•—

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। অষ্টমং সূক্তং। তৃতীয়ং সাম।)

২　৩　১ ২ ৩　২ ৩　২ ৩　১ ২
যো নঃ স্বোঽরণো যশ্চ নিষ্ট্যো জিঘা৺সতি।
৩১র　২র　৩ ২৩ ২৩
দেবাস্ত৺ সর্বে ধূর্বন্তু ব্রহ্ম বর্ম
১র ২র৩　২ ৩ ২ ৩ ১র　২র
মমান্তর৺ শর্ম্ম বর্ম্ম মমান্তরম্॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

হে ভগবন! 'যঃ স্বঃ' (আত্মীয়বৎ প্রতীয়মানঃ যঃ জনঃ) 'অরণঃ' (শত্রুঃ) ভবতি 'চ' (তথা) 'নিষ্ট্যঃ' (তিরোভূতঃ, অন্তরস্থিত) 'যঃ' (যঃ রিপুঃ) 'নঃ' (অস্মান্) 'জিঘাংসতি' (হিংসতি, বিনাশয়িতুং ইচ্ছতি) 'সর্ব্বে দেবাঃ' (সর্ব্বে দেবভাবাঃ) 'তং' (তং অন্তঃশত্রুং) 'ধূর্বন্তু' (বিনাশয়ন্তু) ; 'ব্রহ্ম' (পরমব্রহ্ম যদ্বা প্রার্থনা) 'মম' 'অন্তরং' (অস্ত্রপ্রতিষেধকং, রিপুবারকং ইত্যর্থঃ) 'বর্ম্ম' (রক্ষাকবচং) ভবতু ইতি শেষঃ ; 'শর্ম্ম' (পরমকল্যাণং) এব 'মম' 'অন্তরং' (রিপুবারকং) 'বর্ম্ম' (রক্ষাকবচং) ভবতু ইতি শেষঃ। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ অস্মাকং সর্ব্বান্ রিপূন্ বিনাশয়তু ; সঃ হি অস্মাকং রক্ষকঃ ভবতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১অ—১খ—৮সূ—৩সা)।

* * *

বঙ্গানুবাদ।

হে ভগবন্! আত্মীয়বৎপ্রতীয়মান যে জন শত্রু হয়, এবং অন্তরস্থিত যে রিপু আমাদিগকে বিনাশ করিতে ইচ্ছা করে সকল দেবভাব সেই অন্তঃশত্রুকে বিনাশ করুন ; পরমব্রহ্ম (অথবা প্রার্থনা) আমার রিপুবারক রক্ষাকবচ হউন, পরমকল্যাণই আমার রিপুবারক রক্ষাকবচ হউন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদের সর্ব্ব রিপুকে বিনাশ করুন ; তিনিই আমাদের রক্ষক হউন।)। (২১অ—১খ—৮সূ—৩সা)।

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ, পঙ্‌ক্তিশ্ছন্দঃ, বিশ্বেদেবা দেবতাঃ। 'যঃ' 'স্বঃ' জ্ঞাতিঃ 'অরণঃ' অরমমাণঃ 'যশ্চ' 'নিষ্ট্যঃ' তিরোভূতঃ দূরেস্থিতঃ 'নঃ' অস্মান্ 'জিঘাংসতি' হন্তুমিচ্ছতি 'তং'

'দেবাঃ সর্ব্বে' 'ধূর্বন্তু' হিংসন্তু। 'ব্রহ্ম' মন্ত্রঃ 'মম অন্তরং' শরাণাং নিবারকং 'বর্ম্ম' বিদ্যতে 'শর্ম্মবর্ম্ম' সম্বরণভূতঃ 'মম অন্তরং' অস্তু। (২১অ—১খ—৮সূ—৩সা) ।

* . *

তৃতীয় (১৮৬৯) সামের মর্ম্মার্থ।

আমরাও প্রথমে মন্ত্রের প্রচলিত একটী বঙ্গানুবাদ প্রদান করিতেছি; যথা,—"যে জ্ঞাতি আমাদিগের প্রতি হৃষ্ট নহেন, যিনি দূরে থাকিয়া আমাদিগকে বধ করিতে ইচ্ছা করেন, তাহাকে সমস্ত দেবগণ হিংসা করুন, মন্ত্রই আমার (শর) নিবারক বর্ম্ম।" মন্ত্রান্তর্গত 'স্বঃ' পদের অর্থ করা হইয়াছে—'জ্ঞাতি'; তাই মন্ত্রের প্রথমাংশের অর্থ করা হইয়াছে—যে সকল জ্ঞাতি আমাদের শত্রু, কিন্তু 'স্বঃ' পদে আমাদের আপাতঃমধুর পাপ-প্রলোভনে মুগ্ধকারী রিপুদিগকে লক্ষ্য করা হইয়াছে। কারণ তাহারাই আমাদের সর্ব্বাপেক্ষা ভীষণতম রিপু। তাহারা আত্মীয়তার বাহ্যাড়ম্বরে আমাদের বিশ্বাস অর্জ্জন করিয়া পরে ছুরিকাঘাতে হৃৎপিণ্ড ছেদন করে। মায়া ও মোহের অনুচর এই ভীষণ রিপুগণের কথাই 'স্বঃ' পদে বলা হইয়াছে।

তাহাদের প্রকৃতি সম্বন্ধে 'নিষ্টাঃ' পদের অর্থ আমাদিগকে সচেতন করিয়া দিতেছে। 'নিষ্টাঃ' পদের ভাষ্যার্থ,—'তিরোভূতঃ' অর্থাৎ লুক্কায়িত। তাহাদের স্বরূপ অবস্থা গোপন করিয়া অন্য অবস্থায় প্রকাশিত। শুধু তাই নয়, আমাদের অন্তরের মধ্যে থাকিয়া আমাদের বন্ধুরূপেই তাহারা দেখা দেয়, এবং আমাদিগকে বিপথগামী করে। যাহাতে সেই সকল ভীষণ রিপু নিঃশেষে ধ্বংসপ্রাপ্ত হয় মন্ত্রে তাহার জন্যই প্রার্থনা করা হইয়াছে। (২১অ—১খ ৮সূ-৩সা) ॥ *

—— ০ ——

প্রথমং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। নবমং সূক্তং। প্রথমং সাম।)

৩ ২উ ৩ ১ ২৩ ১ ২ ৩ ১
মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ

২৩২৩ ১ ২ ৩ ১২
পরাবত আ জগন্থা পরস্যাঃ।

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১
সৃকꣳ সꣳশায় পবিমিন্দ্র তিগ্মং

২র ৩ ১র ২র
বি শত্রূন্ তাঢ়ি বি মৃধো নুদস্ব ॥ ১ ॥

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার ষষ্ঠ মণ্ডলের পঞ্চসপ্ততিতম সূক্তের ঊনবিংশী ঋক্ (পঞ্চম অষ্টক, প্রথম অধ্যায়, দ্বাবিংশ বর্গের অন্তর্গত)।

মন্ত্রানুসারিণী-ব্যাখ্যা।

'ইন্দ্র' (ভগবন্ হে ইন্দ্রদেব!) ত্বং 'কুচরঃ' (কুৎসিতচরণঃ, তীক্ষ্ণায়ুধচরণঃ) 'গিরিষ্ঠাঃ' (পর্ব্বতনিবাসী, কঠোরস্বভাবঃ ইত্যর্থঃ) 'মৃগঃ ন ভীমঃ' (সিংহঃ ইব ভয়ঙ্করঃ) ভবসি ইতি শেষঃ; 'পরস্যাঃ পরাবতঃ' (দূরাৎ অপি দূরতরাৎ, দূরতমপ্রদেশাৎ, দ্যুলোকাৎ ইত্যর্থঃ) ত্বং 'আ অগন্থা' (আগচ্ছ, অস্মান্ প্রাপয়); আগত্য 'সৃকং' (সরণশীলং, সর্ব্বত্রগমনশীলং) 'তিগ্মং' (তীক্ষ্ণং) 'পবিং' (বজ্রং, রক্ষাস্ত্রং ইত্যর্থঃ) 'সংশায়' (সম্যক্ তীক্ষ্ণীকৃত্য, রিপুনাশোপযুক্তং কৃত্বা ইত্যর্থঃ) তেন অস্ত্রেণ 'শত্রূন্' (রিপূন্) 'বিতাঢ়ি' (বিশেষেণ তাড়য়, বিনাশয় ইত্যর্থঃ); 'মৃধঃ' (অস্মাকং শত্রূন্) 'বি নুদস্ব' (বিশেষেণ তিরস্কুরু, সম্যক্ পরাজয় ইত্যর্থঃ)। প্রার্থনামূলকঃ অয়ং মন্ত্রঃ। ভগবান্ অস্মাকং রিপূন্ বিনাশয়তু; সঃ পরমদয়ালঃ দেবঃ অস্মান্ প্রাপ্নোতু—ইতি প্রার্থনায়াঃ ভাবঃ। (২১-১খ-৯সূ—১সা)॥

* * *

বঙ্গানুবাদ।

ভগবান্ হে ইন্দ্রদেব! আপনি তীক্ষ্ণায়ুধচরণ কঠোরস্বভাব সিংহতুল্য ভয়ঙ্কর হয়েন; দ্যুলোক হইতে আপনি আগমন করুন, আমাদিগকে প্রাপ্ত হউন; আগমন করিয়া সর্ব্বত্রগমনশীল তীক্ষ্ণ রক্ষাস্ত্রকে রিপুনাশোপযুক্ত করিয়া, সেই অস্ত্রের দ্বারা রিপুগণকে বিশেষরূপে বিনাশ করুন; আমাদের শত্রুসমূহকে সম্যক্‌রূপে পরাজয় করুন। (মন্ত্রটী প্রার্থনামূলক। প্রার্থনার ভাব এই যে,—ভগবান্ আমাদের রিপুসমূহকে বিনাশ করুন; সেই পরমদয়াল দেব আমাদিগকে প্রাপ্ত হউন)॥ (২১অ—১খ—৯সূ—১সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ, ঐন্দ্রাবারুণঃ, ত্রিষ্টুপ্‌ছন্দঃ, ইন্দ্রো দেবতা। 'কুচরঃ' কুৎসিতচরণঃ 'গিরিষ্ঠাঃ' পর্ব্বত-নিবাসী 'মৃগঃ ন' সিংহ ইব। হে ইন্দ্র! ত্বং 'ভীমঃ' ভয়ঙ্করঃ অসি। স ত্বং 'পরস্যাঃ' পরাবতঃ অতিশয়েন দূরাৎ দ্যুলোকাৎ 'আ অগন্থ' আগচ্ছ। গমেশ্ছান্দসে লিটি (৩।২।১০৫) ক্রাদি-নিয়ম-প্রাপ্তস্যেটঃ (৭।২।১৩) উপদেশেঽত্বতঃ (৭২৬২)-ইতি প্রতিষেধঃ। আগত্য চ 'সৃকং' সরণশীলং 'তিগ্মং' তীক্ষ্ণং 'পবিং' বজ্রং সংশায় সম্যক্ তীক্ষ্ণীকৃত্য 'শত্রূন্' অস্মদীয়ান্ বৈরিণঃ হে ইন্দ্র! 'তে' তব বজ্রেণ 'বি তাঢ়ি' বিশেষেণ তাড়য়তি নাশয়তীত্যর্থঃ। তড় আঘাতে (চু° প°) অস্মাণ্যন্তাল্লোটি রূপমেতৎ। তথা 'মৃধঃ' সংগ্রামোদ্যুক্তান্ যুযুৎসূন্ অন্যানপি 'বি নুদস্ব' বিশেষেণ প্রেরয় তিরস্কুরু। ১॥

* * *

প্রথম (১৮৭০) সামের মর্ম্মার্থ।

আলোচ্য মন্ত্রের প্রথম অংশে পাপনাশের জন্য ভগবান্ যে ভয়ঙ্কর রূপ ধারণ করেন একটী উপমার দ্বারা তাহাই বর্ণিত হইয়াছে। সেই উপমা—'কুচরঃ গিরিষ্ঠাঃ মৃগঃ ন ভীমঃ'—পর্ব্বতচারী ভীষণ দুর্দ্দান্ত সিংহের ন্যায় ভয়ঙ্কর তিনি। 'কুচরঃ' পদের অর্থ কুৎসিৎচরণ, অর্থাৎ যাহার পদ তীক্ষ্ণ নখরাদির জন্য কুৎসিৎ হইয়াছে। অথবা কুৎসিৎ ব্যবহার হয় বলিয়া পদকে 'কুচরঃ' বলা যায়। কারণ, পায়ের কার্য্য গমনাগমন; কিন্তু তীক্ষ্ণ নখযুক্ত পায়ের দ্বারা যখন আক্রমণ করা যায় তখন পদের কার্য্যের বিসদৃশ ব্যবহার হয়। সিংহ ব্যাঘ্রাদি হিংস্র জন্তুগণ পদের দ্বারা আক্রমণ আত্মরক্ষা প্রভৃতিও করে, তাই তাহাদিগকে 'কুচরঃ' বলা হয়। 'গিরিষ্ঠাঃ' পদের অন্তর্নিহিত ভাব এই যে, যাহারা পর্ব্বতে বাস করে, তাহারা কঠোরস্বভাব হয়; অধিকন্তু পর্ব্বতের কঠোরতার সহিত ভগবানের কঠোরতার তুলনা করাও 'গিরিষ্ঠাঃ' পদের অন্য উদ্দেশ্য। সাধারণ হিংস্র জীবগণ পর্ব্বতবাসী হইলে তাহাদের স্বভাবজাত দুর্দ্দান্তভাব আরও বর্দ্ধিত হয়। উপরোক্ত উপমা দ্বারা ইহাই বুঝাইবার চেষ্টা করা হইয়াছে যে, করুণানিধান ভগবান্ বিশ্বরিপুনাশের জন্য ভীষণাদপি ভীষণরূপ কঠোর হইতে কঠোরতর ভাব পরিগ্রহণ করেন। কারণ তখন ধ্বংসই সৃষ্টির নামান্তর। পাপের বিনাশেই পুণ্যের প্রতিষ্ঠা। তাই প্রলয়ে সৃষ্টির বীজ নিহিত থাকে। ধ্বংস ও সৃষ্টি উভয় একসঙ্গেই বর্ত্তমান থাকিতে পারে এবং বিশ্বরক্ষার জন্যই ধ্বংসের প্রয়োজন হয়।

গীতার একটী শ্লোকে এই ভাবটী আরও পরিষ্কার হইয়াছে। তিনি সাধুদিগের পরিত্রাণ ও দুষ্কৃতগণের বিনাশের জন্য যুগে যুগে অবতীর্ণ হয়েন। যখন দুষ্কৃতগণের ভারে পৃথিবী ভারাক্রান্ত হইয়া তাঁহার শরণাপন্ন হয় তখন রুদ্রমূর্ত্তিতে অবতীর্ণ হইয়া তাহাদের বিনাশ সাধন করেন। এই মন্ত্রের দ্বারা তাঁহার সেই ভাবই পরিস্ফুট হইতেছে।

ভগবানের এই ধ্বংসশক্তির পরিচয় দিয়াই মন্ত্র বলিতেছেন—"হে দয়াল প্রভু, আমাদের হৃদয়ে আগমন করুন। আমরা শত্রুকুল পরিবেষ্টিত, আমাদিগকে রক্ষা করুন, আপনার ভীষণ অস্ত্র ভীষণতর করুন, আমাদের রিপুকুলকে বিতাড়িত করুন।"

মন্ত্রের প্রথম অংশের নিত্যসত্যের সহিত শেষাংশের প্রার্থনার ঘনিষ্ট সম্বন্ধ বর্ত্তমান আছে। প্রথম অংশে যে সত্য প্রকটিত হইয়াছে, সেই সত্যের উপর ভিত্তি করিয়াই প্রার্থনা করা হইয়াছে। (২১অ—১খ—৯দ ১সা)। *

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলের অষ্টাশীত্যধিকশততম সূক্তের দ্বিতীয়া ঋক্ (অষ্টম অষ্টক, অষ্টম অধ্যায়, অষ্টাত্রিংশৎ বর্গের অন্তর্গত)। এই মন্ত্রটী অন্যান্য বেদেও পরিদৃষ্ট হয়; যথা,—শুক্ল যজুর্ব্বেদের, অষ্টাদশ অধ্যায়ের একসপ্ততি কণ্ডিকা; অথর্ব্ববেদ সংহিতার ৭।১২৩।৩ মন্ত্র।

দ্বিতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। নবমং সূক্তং। দ্বিতীয়ং সাম।

৩ ১র ২র
ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা
৩ ১ ২ ৩ ১ ২
ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ।
৩ ১র ২র ৩ ১ ২ ৩ ২ ৩ক
স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাং সস্তনূভি-
২র ৩ ১ ২ ২ ১ ২র
র্ব্যশেমহি দেবহিতং যদায়ুঃ॥ ২॥

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'দেবাঃ' (দীপ্তিদানাদিগুণোপেতাঃ সর্ব্বে দেবাঃ, হে দেবভাবাঃ ইত্যর্থঃ) যুষ্মৎপ্রসাদাৎ 'কর্ণেভিঃ' (অস্মদীয়ৈঃ শ্রোত্রৈঃ) 'ভদ্রং' (ভজনীয়ং কল্যাণবচনং, ভগবন্মহিমানং, ভগবৎকথাং ইত্যর্থঃ) 'শৃণুয়াম' (শ্রোতুং সমর্থাঃ স্যাম); দেবভাবপ্রভাবেন অস্মাকং শ্রোত্রং সদৈব ভগবৎকথামৃতশ্রবণপরঃ ভবতু ইতি আকাঙ্ক্ষা; 'যজত্রাঃ' (হে যজনীয়াঃ আকাঙ্ক্ষণীয়াঃ অনুসরণীয়াঃ বা দেবাঃ দেবভাবাঃ বা) যুষ্মৎপ্রসাদাৎ 'অক্ষভিঃ' (আত্মীয়ৈঃ চক্ষুর্ভিঃ) 'ভদ্রং' (সুশোভনং—ভগবদ্রূপং) 'পশ্যেম' (দ্রষ্টুং সমর্থাঃ স্যাম); দেবস্ব-প্রভাবেন অস্মাকং চক্ষুঃ সদৈব শোভনভগবন্মূর্তিদর্শনসমর্থঃ ভবতু ইতি আকাঙ্ক্ষা। অপিচ, হে দেবাঃ! যুষ্মৎপ্রসাদাৎ 'স্থিরৈঃ' (অচঞ্চলৈঃ, ভগবৎপরায়ণৈঃ ইত্যর্থঃ) 'অঙ্গৈঃ' (হস্তপাদাদিভিঃ বহিরবয়বৈঃ, স্থূলদেহৈঃ ইত্যর্থঃ) তথা 'তনূভিঃ' (শরীরৈঃ—অন্তরাদিসমন্বিতৈঃ, আভ্যন্তরীদেহৈঃ, সূক্ষ্মশরীরৈঃ ইত্যর্থঃ) যুক্তাঃ সন্তঃ বয়ং 'তুষ্টুবাংসঃ' (ভগবন্তং স্তুবন্তঃ, দেবভাবান্ অনুসরন্তঃ) 'দেবহিতং' (দেবকার্য্যে রতং, ভগবতি উৎসৃষ্টকর্ম্ম ইত্যর্থঃ) 'যৎ' (শ্রেষ্ঠং, অভিলষিতং) 'আয়ুঃ' (জীবনং) 'ব্যশেমহি' (প্রাপ্নুয়াম); প্রার্থনায়াঃ ভাবঃ—হে দেবাঃ! যুষ্মাকমনুকম্পয়া অস্মাকং জীবনং ভগবৎপরায়ণং ভগবদুদ্দেশ্যে বিহিতকর্ম্মপরং ভবতু—ইতি আকাঙ্ক্ষা। (২১অ—১খ—৯সূ - ২সা)॥

বঙ্গানুবাদ।

দীপ্তিদানাদিগুণবিশিষ্ট সকল দেবগণ অর্থাৎ হে দেবভাবসমূহ! আপনাদিগের প্রসাদে আমাদিগের কর্ণসমূহের দ্বারা আমরা যেন ভজনীয় কল্যাণবচন অর্থাৎ ভগবন্মহিমা শ্রবণ করিতে সমর্থ হই;

(আকাঙ্ক্ষা এই যে,—দেবভাবপ্রভাবে আমাদিগের শ্রোত্র সদাকাল যেন ভগবৎকথামৃত শ্রবণপরায়ণ হয়); যজনীয় আকাঙ্ক্ষণীয় অনুসরণীয় হে দেবগণ বা দেবভাবসমূহ! আপনাদিগের প্রসাদে আমাদিগের চক্ষুসমূহের দ্বারা আমরা যেন সুশোভন ভগবানের রূপ দেখিতে সমর্থ হই; (আকাঙ্ক্ষা এই যে,—দেবপ্রভাবে আমাদিগের চক্ষু সদাকাল শোভন ভগবন্মূর্ত্তি দর্শনে সমর্থ হউক)। আর, হে দেবগণ! আপনাদিগের প্রসাদে আমাদিগের অচঞ্চল অর্থাৎ ভগবৎপরায়ণ হস্তপাদাদিবহিরবয়ব-সমূহের দ্বারা (স্থূলদেহের দ্বারা) এবং অনুরাগসমন্বিত আভ্যন্তরীণ শরীরের দ্বারা (সূক্ষ্মদেহের দ্বারা) যুক্ত হইয়া, আমরা ভগবানের স্তব করিতে করিতে অর্থাৎ দেবভাবসমূহের অনুসরণ করিতে করিতে, দেব-কর্ম্মে রত অর্থাৎ ভগবানে উৎসৃষ্টকর্ম্ম শ্রেষ্ঠ অভিলষিত জীবন যেন প্রাপ্ত হই; (প্রার্থনার ভাব এই যে,—হে দেবগণ! আপনাদিগের অনুকম্পায় আমাদিগের জীবন ভগবৎ-পরায়ণ ভগবদুদ্দেশ্যে বিহিতকর্ম্মপর হউক—এই আকাঙ্ক্ষা।)॥ (২১অ—১খ—৩সূ—২সা)॥

* * *

সুপ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ রাহূগণো গোতমো বা, ত্রিষ্টুপ্ ছন্দঃ, বিশ্বেদেবা দেবতাঃ। হে দেবাঃ! দানাদি-গুণ-যুক্তাঃ সর্ব্বে দেবাঃ 'কর্ণেভিঃ' অস্মদীয়ৈঃ শ্রোত্রৈঃ 'ভদ্রং' ভজনীয়ং কল্যাণং বচনং শৃণুয়াম যুষ্মৎপ্রসাদাৎ শ্রোতুং সমর্থাঃ স্যাম; অস্মাকং বাধির্য্যং কদাচিদপি মাভূৎ। 'হে যজত্রাঃ' যাগেষু চরুপুরোডাশাদিভিঃ যষ্টব্যাঃ দেবাঃ 'অক্ষভিঃ' অক্ষিভিঃ আত্মীয়ৈশ্চক্ষুভিঃ 'ভদ্রং' শোভনং 'পশ্যেম' দ্রষ্টুং সমর্থাঃ স্যাম; অস্মাকং দৃষ্টিপ্রতিঘাতোঽপি মাভূৎ। 'স্থিরৈঃ' দৃঢ়ৈঃ 'অঙ্গৈঃ' হস্তপাদাদিভিঃ অবয়বৈঃ 'তনূভিঃ' শরীরৈশ্চ যুক্তা বয়ং 'তুষ্টুবাংসঃ' স্তুতিং কুর্ব্বন্তঃ 'যদায়ুঃ' ষোড়শাধিক-শত-প্রমাণং বিংশত্যধিক-শত-প্রমাণং বা 'দেবহিতং' দেবেন প্রজাপতিনা স্থাপিতং তৎ 'ব্যশেমহি' প্রাপ্নুয়াম। কর্ণেভিঃ—বহুলং ছন্দসি (৭।১।১০) ইতি ভিসঐস্ভাবঃ। অক্ষভিঃ—ছন্দস্যপি দৃশ্যতে (৭।১।৭৬) ইত্যনঙ্ উদাত্তঃ। যজত্রা—অম-নক্ষি (উ০ ৩।১০৫)—ইত্যাদিনা যজেরত্রন্ প্রত্যয়ঃ। তুষ্টুবাংসঃ—ষ্টুঞ্ স্তুতৌ (অদা০ প০), লিটঃ ক্বসুঃ (৩২।১০৭), শর্পূর্ব্বাঃ খয়ঃ (৭।৪।৬১) ইতি তকারঃ শিষ্যতে। ব্যশেমহি—অশূ ব্যাপ্তৌ (স্বা০ আ০), লিঙ্যাশিষ্যঙ্ (৩।১।৮৬), যদি তু তত্র পরিগণনমস্তুব্যা-খ্যত্যর্থং তদানীং লিঙি ব্যত্যয়েন শপ্ (৩।১।৮৫)। দেবহিতং তৃতীয়া কর্ম্মণি (৬।২।৪৮)—ইতি পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং। (২১অ ১খ-৩সূ—২সা)।

* * *

দ্বিতীয় (১৮৭১) সামের মর্ম্মার্থ।

এই মন্ত্রের মর্ম্ম আমাদিগের মর্ম্মানুসারিণী-ব্যাখ্যায় এবং বঙ্গানুবাদেই প্রকাশ পাইয়াছে। তথাপি ভাষ্যাদির সহিত কোন কোন স্থলে আমাদিগের ব্যাখ্যার একটু পার্থক্য ঘটিয়াছে, তাহা উল্লেখ করিতেছি। তাহাতে জটিলতা অপসৃত হইবে।

মন্ত্রে 'যৎ' ও 'আয়ুঃ' পদদ্বয় আছে। তাহা হইতে সিদ্ধান্ত করা হইয়া থাকে,—যে আয়ুঃ দেবগণ নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন, তাহারই কথা এখানে বলা হইয়াছে। ভাষ্যের মত এই যে, দেবগণ মানুষের জন্য ১১৬ বৎসর বা ১২০ বৎসর পরমায়ুঃ নির্দ্ধারিত করিয়া গিয়াছেন, এবং প্রার্থনাকারী সেই আয়ুঃ পাইবার আকাঙ্ক্ষা প্রকাশ করিতেছেন। এ পক্ষে 'দেবহিতং' পদে 'দেবগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট' অর্থ গ্রহণ করা হয়। কিন্তু আমরা বলি, 'দেবহিতং যৎ আয়ুঃ' এই পদত্রয়ের ভাব অন্যরূপ। এখানে 'যৎ' পদে 'সেই শ্রেষ্ঠ অভিলষিত' অর্থ আসে। যে আয়ুঃ বা যে জীবন আকাঙ্ক্ষণীয়, এবং যে আয়ুঃ 'দেবহিতং' অর্থাৎ দেবতার কার্য্যে বিহিত ভগবানের কর্ম্মে বিনিযুক্ত, এখানে সেই আয়ুর কামনাই প্রকাশ পাইয়াছে।

পর পর প্রার্থনার ভাব অনুধাবন করিলে, এই অর্থেরই সঙ্গতি দেখা যায়। মন্ত্রের প্রথম প্রার্থনা,—দেবগণের কৃপায় আমরা যেন সেই কর্ণসকল প্রাপ্ত হই—যে কর্ণ-সমূহের দ্বারা 'ভদ্রং' অর্থাৎ মঙ্গলবচন ভগবৎকথা শুনিতে সামর্থ্য পাই। দ্বিতীয় প্রার্থনা,—সেই চক্ষুসকল যেন আমরা প্রাপ্ত হই—যে চক্ষুসকলের দ্বারা 'ভদ্রং' অর্থাৎ শোভন ভগবানের রূপ দর্শন করিবার সামর্থ্য আসে। কর্ণের ও চক্ষুর বিষয় বলিতে বলিতে, ক্রমে সকল অঙ্গের প্রতি দৃষ্টি পড়িয়াছে। বাহির ও আন্তর ভেদে দুই প্রকার অঙ্গের পরিকল্পনা করা যায়। প্রথমে তাই 'অঙ্গৈঃ' বলিয়াই পরে 'তনূভিঃ' পদ প্রযুক্ত হইয়াছে। একের ভাব—বহিরঙ্গ, অন্যের ভাব—অন্তরঙ্গ। 'স্থিরৈঃ' পদে 'অবিচলিত একাগ্র' ভাব আসে। আমাদিগের দেহ-মনঃ-প্রাণ সমস্ত অবিচলিত-ভাবে ভগবানের সেবায় ভগবৎকার্য্যে বিনিযুক্ত হউক, "স্থিরৈঃ অঙ্গৈঃ তনূভিঃ" পদত্রয়ে এই ভাব প্রাপ্ত হওয়া যায়। সেই সকল সমন্বিত "দেবহিতং যৎ আয়ুঃ" মন্ত্রের দ্বিতীয় চরণে তাহারই কামনা করা হইয়াছে। ফলতঃ, চক্ষু-কর্ণ প্রভৃতি বহিরঙ্গ-সকল ও চিত্তাদি অন্তরঙ্গসমূহ ভগবৎকার্য্যে নিয়োজিত হউক—এমন জীবন আমরাও যেন প্রাপ্ত হই;—ইহাই এখানকার প্রার্থনা।

যেন তাঁহারই কথা শুনি, যেন তাঁহারই রূপ দেখি, যেন তাঁহারই কার্য্যে দেহ-মন সমর্পণ করিতে পারি,—আমাদিগের মধ্যে দেবভাবের বিকাশ হইয়া আমাদিগের সেইরূপ জীবন প্রস্ফুট হউক। ইহাই এই মন্ত্রের প্রার্থনার নিগূঢ় তাৎপর্য্যার্থ। (২১প্র—১খ—৯দ—২সা)। *

---

* এই সাম-মন্ত্রটী ঋগ্বেদ-সংহিতার প্রথম মণ্ডলের ঊননবতিতম সূক্তের অষ্টমী ঋক্ (প্রথম অষ্টক, ষষ্ঠ অধ্যায়, ষোড়শ বর্গের অন্তর্গত)।

তৃতীয়ং সাম।

(প্রথমঃ খণ্ডঃ। নবমং সূক্তং। তৃতীয়ং সাম।)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ
৩ ২ ২ ৩ ২ ৩ ১ ২
স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
৩ ২ ৩ ১ ৩ ১ ২
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ
৩ ২ ৩ ২ ৩ ১ ২
স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু।
৩ ২ ৩ ২ ৩ ১ ২
স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু॥ ৩॥

* * *

মর্ম্মানুসারিণী-ব্যাখ্যা।

'বৃদ্ধশ্রবাঃ' (প্রভূতমঙ্গলনিলয়ঃ, প্রকৃষ্টধনোপেতঃ) 'ইন্দ্রঃ' (ভগবান্ ইন্দ্রদেবঃ) 'নঃ' (অস্মাকং) 'স্বস্তি' (সু অস্তি, সুখকরঃ মঙ্গলপ্রদঃ ভবতু); বিশ্ববেদাঃ (সর্ব্বজ্ঞানাধারঃ, সর্ব্বধনাধিকারী) 'পূষা' (পোষকঃ দেবঃ) 'নঃ' (অস্মাকং) 'স্বস্তি' (সুখকরঃ মঙ্গলপ্রদঃ ভবতু); 'তার্ক্ষ্যঃ' (সৎপথিগমনশীলঃ জ্যোতির্ম্ময়ঃ বা) 'অরিষ্টনেমিঃ' (অপ্রতিহতঃ অহিংসিতঃ অবিনাশী কালচক্রঃ, অবাধজীবনগতিঃ, অনন্তজীবনবিশিষ্টঃ ইত্যর্থঃ) 'নঃ' (অস্মাকং) 'স্বস্তি' (সুখকরঃ মঙ্গলপ্রদ ভবতু); 'বৃহস্পতিঃ' (দেবানাং পালয়িতা, প্রজ্ঞানরূপঃ দেবঃ) 'নঃ' (অস্মান) 'দধাতু' (ধারয়তু, রক্ষতু)। অয়ং ভাবঃ— সর্ব্বাসাং দেবতানাং রক্ষণং অস্মান প্রাপ্নোতু; জ্ঞানপ্রভাবেণ বয়ং তৎরক্ষণং প্রাপ্নুয়াম। (২১অ - ১খ—৯সূ—৩সা।)।

* * *

বঙ্গানুবাদ।

প্রভূতমঙ্গলনিলয় (প্রকৃষ্টধনোপেত) ভগবান্ ইন্দ্রদেব আমাদিগের সুখকর মঙ্গলপ্রদ হউন; সর্ব্বজ্ঞানাধার (সকল ধনের অধিকারী) পোষক পূষাদেব আমাদিগের সুখকর মঙ্গলপ্রদ হউন; সৎপথে গমনশীল বা

জ্যোতির্ম্ময়, অপ্রতিহত অহিংসিত অবিনাশী কালচক্র অথবা অবাধজীবন-গতি অর্থাৎ অনন্তজীবনবিশিষ্ট অরিষ্টনেমি দেবতা আমাদিগের সুখকর মঙ্গলপ্রদ হউন; দেবগণের পালয়িতা প্রজ্ঞানরূপ বৃহস্পতিদেব আমাদিগকে ধারণ করুন—রক্ষা করুন। (ভাব এই যে,—সকল দেবতার রক্ষা আমাদিগকে প্রাপ্ত হউক; জ্ঞানপ্রভাবে আমরা যেন দেহ রক্ষা প্রাপ্ত হই।)॥ (২১অ—১খ—৯সূ—৩সা)॥

* * *

সায়ণ-ভাষ্যং।

অপ্রতিরথঋষিঃ রাহূগণো গৌতমো বা, স্বরাট্ ত্রিষ্টুপ্ ছন্দঃ, বিশ্বেদেবা দেবতাঃ॥ 'বৃদ্ধশ্রবাঃ'। 'বৃদ্ধং' প্রভূতং 'শ্রবঃ' শ্রবণং স্তোত্রং হবির্লক্ষণমন্নং বা যস্য তাদৃশঃ। 'ইন্দ্রঃ' 'নঃ' অস্মাকং। স্বস্তীত্যবিনাশ-নাম। 'স্বস্তি' অবিনাশং 'দধাতু' বিদধাতু। 'বিশ্ববেদাঃ' বিশ্বানি বেত্তীতি বিশ্ববেদাঃ যদ্বা, বিশ্বানি সর্ব্বাণি বেদাংসি জ্ঞানানি ধনানি বা যস্য তাদৃশঃ। 'পূষা' পোষকো দেবঃ 'নঃ' অস্মাকং 'স্বস্তি' বিদধাতু। 'অরিষ্টনেমিঃ' নেমিরিত্যায়ুধনাম (নিঘ০ ২।২০।২) অরিষ্টো অহিংসিতো নেমির্যস্য; যদ্বা, রথচক্রস্য ধারা নেমিঃ, যৎ সর্ব্বাঙ্গিনো রথনেমির্ন হিংস্যতে সোঽরিষ্টনেমিঃ এবম্ভূতঃ। 'তার্ক্ষ্যঃ' তৃক্ষস্য পুত্রঃ গরুত্মান্ 'নঃ' অস্মাকং 'স্বস্তি' অবিনাশং বিদধাতু। তথা 'বৃহস্পতিঃ' বৃহতাং দেবানাং পতিঃ পালয়িতা, 'নঃ' অস্মাকং 'স্বস্তি' 'অবিনাশং' বিদধাতু। বৃদ্ধশ্রবাঃ বহুব্রীহৌ পূর্ব্বপদপ্রকৃতিস্বরত্বং (৮।২।১)। বিশ্ববেদাঃ বিদ জ্ঞানে (অদা০ প০), বিদ্লৃ লাভে (তু০ উ০), অভ্যামসুন প্রত্যয়ান্তো বেদস্-শব্দঃ বহুব্রীহৌ বিশ্বং সংজ্ঞায়াং (৬।২।১০৬)—ইতি পূর্ব্বপদান্তোদাত্তত্বং। তার্ক্ষ্যঃ তৃক্ষস্যাপত্যং গর্গাদিভ্যো যঞ্ (৪।১।১০৫) ঞিত্যাদির্নিত্যমিত্যাদ্যুদাত্তত্বং (৬।১।১৯৭। অরিষ্টনেমিঃ—ন রিষ্টা অরিষ্টা, অব্যয় পূর্ব্বপদ-প্রকৃতিস্বরত্বং (৮।২।২) অরিষ্টা নেমির্যস্য স তথোক্তঃ। বৃহস্পতিঃ—তদ্বৃহতোঃ করপত্যোঃ (৬।১।১৫৭ বা০) ইতি সুট্-তলোপৌ উভে বনস্পত্যাদিষু (৬।২।১৪০)—ইতি পূর্ব্বোত্তরপদয়োর্যুগপৎ প্রকৃতিস্বরত্বং॥ (২১অ—১খ—৯সূ—৩সা)॥

ইতি উত্তরগ্রন্থস্যৈকবিংশস্যাধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ।

* * *

বেদার্থস্য প্রকাশেন তমো হার্দ্দং নিবারয়ন্।
পুমর্থাংশ্চতুরো দেয়াদ্ বিদ্যাতীর্থ-মহেশ্বরঃ॥

* * *

